<u>কেবলমাত্র সরকারি কাজে ব্যবহার্য</u>

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**রাজস্ব ভবন**
**সেগুনবাগিচা, ঢাকা।**

# ২০২২-২০২৩ অর্থবছরের বাজেটে মূল্য সংযোজন কর কর্মকর্তাগণের জন্য নির্দেশনা

**মূল্য সংযোজন কর অনুবিভাগ**

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/ ০৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**সেগুনবাগিচা, ঢাকা।**

**[ ভ্যাট বিভাগ ]**

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১৬.০০১.২২/১৮৩, তারিখ: ২৬ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/ ০৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

**বিষয়ঃ** **২০২২-২০২৩ অর্থবছরের বাজেটে আনীত পরিবর্তনের ফলে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিষয়ে করণীয় সংক্রান্ত নির্দেশনা।**

বাংলাদেশের পরোক্ষ কর ব্যবস্থাপনায় সবচেয়ে বড় সংস্কার নতুন ভ্যাট আইন। কর জিডিপি এর অনুপাত বৃদ্ধির অন্যতম কৌশল হচ্ছে নতুন ভ্যাট আইনের সফল বাস্তবায়ন। দেশী-বিদেশী বিনিয়োগ আকর্ষণ এবং কর আহরণের প্রক্রিয়া সহজীকরণের মাধ্যমে রাজস্ব আদায় বৃদ্ধি এ বছর বাজেটের অন্যতম কৌশল হিসেবে গ্রহণ করা হয়েছে। সে লক্ষ্যে এ বছর বাজেটে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এ বেশ কিছু প্রয়োজনীয় সংশোধনী আনা হয়েছে। এছাড়াও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক সংক্রান্ত কতিপয় প্রজ্ঞাপন বাতিল/সংশোধন করা হয়েছে। এর পাশাপাশি The Excises and Salt Act, 1944 এর তফসিলে সংশোধনী আনয়ন করা হয়েছে এবং সে অনুযায়ী আবগারি শুল্কের হার পরিবর্তন করা হয়েছে। ২০২২-২৩ অর্থবছরের বাজেটে গৃহীত কার্যক্রমসমূহের উল্লেখযোগ্য অংশ নিম্নরূপ:

**০২। The Excises and Salt Act, 1944 এর নিম্নোক্ত সংশোধনী আনা হয়েছেঃ**

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| ১. | FIRST SCHEDULE এর PART-II এর "SERVICES" টেবিলের সংশোধন | উক্ত Act এর FIRST SCHEDULE এর PART-II এর "SERVICES" শিরোনামাধীন টেবিলের কলাম (1) এর Service Code E032.00 এর বিপরীতে কলাম (3)-তে উল্লিখিত "Taka 40,000.00 (forty thousand)" শব্দগুলি, সংখ্যা, কমা, চিহ্ন এবং বন্ধনীর পরিবর্তে "Taka 50,000.00 (fifty thousand)" শব্দগুলি, সংখ্যা, কমা, চিহ্ন এবং বন্ধনী প্রতিস্থাপিত হইবে। | শুধুমাত্র ৫ (পাঁচ) কোটি টাকার উর্ধ্বে ব্যাংক স্থিতির উপর (বছরের যে কোন সময়) আবগারি শুল্ক ৪০,০০০/- টাকার পরিবর্তে ৫০,০০০/- টাকা নির্ধারণ করা হয়েছে। যে সকল কমিশনারেটের আওতাধীন ব্যাকিং প্রতিষ্ঠান আছে তারা সংশ্লিষ্ট ব্যাংকসমূহকে পত্র মারফত বিষয়টি অবহিত করবে। |

০৩। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও উহার তফসিলসমূহে নিম্নোল্লিখিত সংশোধনীসমূহ আনা হয়েছেঃ

**(ক) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর সংশোধনীসমূহঃ**

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| ১. | ধারা ২ এর দফা (১৮ক) এর শর্তাংশ প্রতিস্থাপন | দফা (১৮ক) এর শর্তাংশের পরিবর্তে নিম্নরূপ শর্তাংশ প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>“তবে শর্ত থাকে যে, এই আইনের তৃতীয় তফসিলের অনুচ্ছেদ (৩) এ উল্লিখিত ব্যবসায়ী কর্তৃক ব্যবসা পরিচালনার ক্ষেত্রে বিক্রয়, বিনিময় বা হস্তান্তরের উদ্দেশ্যে আমদানিকৃত, ক্রয়কৃত, অর্জিত বা অন্যকোনভাবে সংগৃহীত পণ্য বা সেবা উপকরণ হিসাবে গণ্য হইবে;” | উপকরণ এর সংজ্ঞায় ব্যবসায়ী এর ক্ষেত্রে পণ্য এর পাশাপাশি “সেবা” শব্দ অন্তর্ভুক্তির লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| | ধারা ২ এর দফা (৩৭) প্রতিস্থাপন | দফা (৩৭) এর পরিবর্তে নিম্নরূপ দফা (৩৭) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>“(৩৭) “কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত প্রতিষ্ঠান” অর্থ ধারা ৫ অনুযায়ী কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত প্রতিষ্ঠান; | “কেন্দ্রীয় ইউনিট” শব্দগুলি আইন ও বিধির সকল স্থান হতে বাদ দেয়া হয়েছে বিধায় এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ২. | ধারা ৪ এর উপ-ধারা (২) প্রতিস্থাপন | ধারা ৪ এর উপ-ধারা (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (২) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>“(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, নিম্নবর্ণিত অর্থনৈতিক কার্যক্রম পরিচালনাকারী প্রত্যেক ব্যক্তিকে টার্নওভার নির্বিশেষে মূসক নিবন্ধিত হইতে হইবে, যিনি-<br>(ক) বাংলাদেশে সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্য বা সেবা সরবরাহ, প্রস্তুত বা আমদানি করেন;<br>(খ) কোন টেন্ডারে অংশগ্রহণের মাধ্যমে বা কোন চুক্তি বা কার্যাদেশের বিপরীতে পণ্য বা সেবা বা উভয়ই সরবরাহ করেন;<br>(গ) কোন আমদানি-রপ্তানি ব্যবসায় নিয়োজিত;<br>(ঘ) বিদেশি কোন প্রতিষ্ঠানের ব্রাঞ্চ অফিস বা লিয়াজোঁ অফিস বা প্রজেক্ট অফিস স্থাপন করেন;<br>(ঙ) মূসক এজেন্ট হিসাবে নিয়োগপ্রাপ্ত হন;<br>(চ) বোর্ড কর্তৃক নির্ধারিত কোন নির্দিষ্ট ভৌগোলিক এলাকায় বা কোন নির্দিষ্ট পণ্য বা সেবা সরবরাহ, প্রস্তুত বা আমদানি সংশ্লিষ্ট অর্থনৈতিক কার্যক্রমে নিয়োজিত। | বিদ্যমান ভ্যাট আইনে বিদেশী প্রতিষ্ঠানের বাংলাদেশী ব্রাঞ্চ অফিস বা লিয়াজো অফিস বা প্রজেক্ট অফিস এর নিবন্ধন বাধ্যতামূলক নয়। এ সকল প্রতিষ্ঠান বিদেশী প্রতিষ্ঠানের পক্ষে মার্কেটিং, প্রচার-প্রচারণা, বাজার সৃষ্টিসহ নানাবিধ ভ্যাট আরোপযোগ্য সেবা সরবরাহ করে থাকে। সুতরাং এ ধরনের প্রতিষ্ঠানের নিবন্ধন বাধ্যতামূলক করার লক্ষ্যে এ সংশোধনী আনা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| ৩. | ধারা ৫ সংশোধন | ধারা ৫ এর উপ-ধারা (১) এবং (১ক) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (১), (১ক) ও (১খ) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>“(১) যদি কোন ব্যক্তি এক বা একাধিক স্থান হইতে অভিন্ন অথবা সমজাতীয় পণ্য বা সেবা বা উভয়ই সরবরাহ সংক্রান্ত অর্থনৈতিক কার্যক্রমের সকল হিসাব-নিকাশ, কর পরিশোধ ও রেকর্ডপত্র সফটওয়্যার ভিত্তিক অটোমেটেড পদ্ধতিতে কেন্দ্রীয়ভাবে সংরক্ষণ করেন, তাহা হইলে তিনি, নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে, একটি কেন্দ্রীয় মূসক নিবন্ধন গ্রহণ করিতে পারিবেন:<br>তবে শর্ত থাকে যে, অভিন্ন বা সমজাতীয় পণ্য বা সেবা সরবরাহ করা সত্ত্বেও কোন ইউনিটে অর্থনৈতিক কার্যক্রমের হিসাব-নিকাশ, কর পরিশোধ ও রেকর্ডপত্র স্বতন্ত্রভাবে সংরক্ষণ করিলে তাহাকে প্রতিটি ইউনিটের জন্য পৃথক নিবন্ধন গ্রহণ করিতে হইবে।<br>(১ক) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, ধারা ৫৮ এর অধীন বিশেষ পরিকল্পের অধীন তামাকজাত পণ্য সরবরাহের ক্ষেত্রে কেন্দ্রীয় নিবন্ধন প্রযোজ্য হইবে না।<br>(১খ) কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ ও কর পরিশোধের লক্ষ্যে বোর্ড বিধিমালা প্রণয়ন করিতে পারিবে।” | একটি উৎপাদনস্থল এবং ডিপো/ওয়্যারহাউজ/ বিক্রয়কেন্দ্র থাকলে কেন্দ্রিয় নিবন্ধন গ্রহণ করা যাবে। সাধারণত একই অর্থনৈতিক কার্যক্রমের ক্ষেত্রে একাধিক ওয়্যারহাউস/ ডিপো বা সেলস সেন্টার থাকলে একটি মূসক নিবন্ধন প্রদান করা হলে একদিকে যেমন ব্যবসা-বাণিজ্য সহজ হবে, অপরদিকে রাজস্ব আহরণ ও নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করা সহজ হবে। ব্যবসা-বাণিজ্য সহজীকরণ, রাজস্ব আহরণ ও নিরীক্ষা কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে এ সংশোধনী আনা হয়েছে |
| ৪. | ধারা ২০ এর উপ-ধারা (১) এর দফা (খ) প্রতিস্থাপন | ধারা ২০ এর উপ-ধারা (১) এর দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>“(খ) সরবরাহটি নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তি কর্তৃক অর্থনৈতিক কার্যক্রম প্রক্রিয়ায় বাংলাদেশে প্রদত্ত হইত এবং উক্ত সেবা শূন্যহার বিশিষ্ট না হইয়া অন্য কোন হারে করযোগ্য হইত।” | আমদানিকৃত সেবার বিপরীতে মূসক আদায় পদ্ধতি সহজবোধ্য করার লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ৫. | ধারা ২৪ এর উপ-ধারা (১১) প্রতিস্থাপন | ধারা ২৪ এর উপ-ধারা (১১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (১১) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>“(১১) নিম্নবর্ণিত সেবা সরবরাহ শূন্যহার বিশিষ্ট হইবে, যথা:-<br>(ক) পণ্যের আন্তর্জাতিক পরিবহণে বীমা সেবা | বিদ্যমান আইনের ধারা ২৪ এর উপ-ধারা (১১) অনুযায়ী আন্তর্জাতিক পরিবহন সংশ্লিষ্ট সেবার ক্ষেত্রে আইনের ধারা ২ এর উপ- |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | সরবরাহ;<br>(খ) আন্তর্জাতিক পরিবহণে নিয়োজিত সমুদ্রগামী জাহাজ বা উড়োজাহাজের মেরামত, সংরক্ষণ, পরিষ্কারকরণ, সংস্কার সাধন, পরিবর্তন সাধন বা অন্যকোনভাবে কায়িক অবস্থার উপর প্রভাব বিস্তারকরণের সেবা সরবরাহ; বা<br>(গ) আন্তর্জাতিক পরিবহণে নিয়োজিত কোন সমুদ্রগামী জাহাজ বা উড়োজাহাজের চালনা, পরিচালনা বা ব্যবস্থাপনা, অনুরূপ বিষয়ের সহিত প্রত্যক্ষভাবে জড়িত সেবা অনিবন্ধিত ও অনাবাসিক ব্যক্তির নিকট সরবরাহ। | ধারা (১১) ও (১২) এর অসামঞ্জস্যতা রয়েছে, যার ফলে মাঠ পর্যায়ে জটিলতার উদ্ভব হচ্ছে। এ অসামঞ্জস্যতা দূরীকরণের লক্ষ্যে সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ৬. | ধারা ২৯ সংশোধন | ধারা ২৯ এ উল্লিখিত "মূসকযোগ্য মূল্য নির্ধারণ করিতে হইবে" শব্দগুলির পরিবর্তে "শুল্কায়নযোগ্য মূল্য নির্ধারণ করিতে হইবে, যাহা মূসক আরোপের ভিত্তিমূল্য হইবে" শব্দগুলি ও চিহ্ন প্রতিস্থাপন করা হয়েছে। | পুনঃআমদানিকৃত পণ্যের ক্ষেত্রে বর্ধিত মূল্যের সাথে বীমা, ভাড়া এবং ল্যান্ডিং চার্জ যোগ করে "মূসকযোগ্য মূল্য" নির্ধারণ করা হয়। এক্ষেত্রে মূসক আরোপের ভিত্তিমূল্য কীভাবে নির্ধারিত হবে তা সঠিকভাবে বর্ণনা করা সমীচীন বিধায় এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ৭. | ধারা ৩৮ এর উপ-ধারা (৫) সংশোধন | ধারা ৩৮ এর উপ-ধারা (৫) এ উল্লিখিত "মূসক পরিশোধ" শব্দগুলির পরিবর্তে "মূসক ও সম্পূরক শুল্ক পরিশোধ" শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে। | আগাম মূল্য পরিশোধিত টেলিযোগাযোগ দ্রব্য বা সেবা সরবরাহের ক্ষেত্রে মূসকের পাশাপাশি সম্পূরক শুল্ক হ্রাসকারী সমন্বয়ের প্রয়োজন হয় বিধায়, সম্পূরক শুল্কের হ্রাসকারী সমন্বয়ের বিষয়টি আইনে অন্তর্ভুক্ত করায় এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ৮. | ধারা ৪৫ এর উপ-ধারা (১) সংশোধন | ধারা ৪৫ এর উপ-ধারা (১) এর দফা (খ) এ উল্লিখিত "নিরূপিত কর যোগফল" শব্দগুলির পরিবর্তে "নিরূপিত যোগফল" শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে। | করণীক ত্রুটি সংশোধন করা হয়েছে |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| ৯. | ধারা ৪৬ এর উপ-ধারা (১) সংশোধন | ধারা ৪৬ এর উপ-ধারা (১) এর-<br>(অ) দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>"(ক) একই মালিকানাধীন নিবন্ধিত সরবরাহকারী বা সরবরাহগ্রহীতার মধ্যে উপকরণ ক্রয়-বিক্রয়ের ক্ষেত্র ব্যতীত যদি করযোগ্য সরবরাহের মূল্য ১ (এক) লক্ষ টাকা অতিক্রম করে এবং উক্ত সরবরাহের সমুদয় পণ ব্যাংকিং মাধ্যম বা মোবাইল ব্যাংকিং মাধ্যম ব্যতিরেকে পরিশোধ করা হয়;" | রেয়াত গ্রহণের ক্ষেত্রে নিজস্ব মালিকানাধীন প্রতিষ্ঠানের মধ্যে লেনদেনের ক্ষেত্রে ব্যাংকিং এবং মোবাইল চ্যানেলে পণ পরিশোধের বাধ্যবাধকতা শিথিল করা হয়েছ। উপকরণ কর রেয়াতের বিধান আরো সহজীকরণের লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| | | (আ) দফা (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঘ) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>"(ঘ) প্রযোজ্য ক্ষেত্রে, চুক্তিভিত্তিতে পণ্য উৎপাদনের ক্ষেত্র ব্যতীত, অন্যের অধিকারে, দখলে বা তত্ত্বাবধানে রক্ষিত পণ্য বা সেবার বিপরীতে পরিশোধিত মূল্য সংযোজন কর;" | চুক্তিভিত্তিক উৎপাদনের ক্ষেত্রে উপকরণ কর রেয়াতের বিষয়টি আইনে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| | | (ই) দফা (ছ) এ উল্লিখিত "পণ্যের বর্ণনার মিল না থাকিলে" শব্দগুলির পরিবর্তে "পণ্যের বর্ণনার আলোকে যথাযথ বাণিজ্যিক বর্ণনার মিল না থাকিলে" শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে; এবং | আমদানিকৃত উপকরণের বিপরীতে উপকরণ কর রেয়াতের বিধান আরো সহজীকরণের লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| | | (ঈ) দফা (ণ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ণ) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>"(ণ) উপকরণ মূল্যের চেয়ে কম মূল্যে পণ্য বা সেবা সরবরাহ করা হইলে, উপকরণ মূল্য এবং সরবরাহ মূল্যের পার্থক্যের উপর উপকরণ কর।" | উপকরণ মূল্যের চেয়ে সরবরাহকৃত পণ্যের দাম কম হলে, শুধুমাত্র পরিশোধিত উপকরণ কর রেয়াত গ্রহণ করার বিধান সন্নিবেশ করণের লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| | ধারা ৪৬ এর উপ- | (খ) উপ-ধারা (৩) এর দফা (ঙ) এর প্রান্তঃস্থিত "।" চিহ্নের পরিবর্তে ";" চিহ্ন | মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | ধারা (৩) সংশোধন | প্রতিস্থাপন করা হয়েছে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (চ) সংযোজন করা হয়েছে, যথা:-<br>"(চ) গ্রাহক কর্তৃক পরিশোধিত বিদ্যুৎ বিলের বিপরীতে মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত ইনভয়েস, যাহা নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে, চালানপত্র হিসেবে গণ্য হইবে।" | বিদ্যুৎ বিলের বিপরীতে ইস্যুকৃত বিলকে চালানপত্র হিসেবে ঘোষণা করা হলে ব্যবসা সহজ হওয়ার পাশাপাশি চালান যাচাই করার বিষয়টি সহজ হবে। তাই উক্ত বিধানটি সংযোজন করা হয়েছে। |
| ১০. | ধারা ৪৭ এ নূতন উপ-ধারা (১ক) সন্নিবেশ | ধারা ৪৭ এর উপ-ধারা (১) এর পর নিম্নরূপ নূতন উপ-ধারা (১ক) সন্নিবেশ করা হয়েছে, যথা:-<br>"(১ক) কোন নিবন্ধিত ব্যক্তি কর্তৃক আদর্শ মূসক হার বা হ্রাসকৃত হার বা সুনির্দিষ্ট কর বা অব্যাহতিপ্রাপ্ত বা শূন্যহার বিশিষ্ট বা এইরূপ কতিপয় ধরনের বা এইরূপ সকল ধরনের পণ্য বা সেবা সরবরাহ করা হইলে কেবল আদর্শ মূসক হারে সরবরাহকৃত পণ্য বা সেবার বিপরীতে পরিশোধিত মূসক আনুপাতিক হারে রেয়াত গ্রহণ করা যাইবে এবং এইরূপ ক্ষেত্রে নিবন্ধিত পণ্য বা সেবা সরবরাহ গ্রহণের পর ধারা ৪৬ অনুসরণপূর্বক সমুদয় সরবরাহের বিপরীতে রেয়াত গ্রহণ করিতে পারিবেন, তবে, সংশ্লিষ্ট কর মেয়াদ সমাপ্তির পর তাহাকে উক্ত কর মেয়াদে হ্রাসকৃত হার বা সুনির্দিষ্ট কর বা অব্যাহতিপ্রাপ্ত বা এইরূপ কতিপয় ধরনের বা এইরূপ সকল ধরনের পণ্য বা সেবার বিপরীতে গৃহীত রেয়াত বৃদ্ধিকারী সমন্বয়পূর্বক দাখিলপত্রে প্রদর্শন করিতে হইবে।" | আংশিক উপকরণ কর রেয়াত সম্পর্কিত বিধান আরো সহজবোধ্য করার লক্ষ্যে এ বিধান সন্নিবেশ করা হয়েছে। |
| ১১. | ধারা ৪৯ এর উপ-ধারা (২) এ শর্তাংশ সংযোজন | ধারা ৪৯ এর-<br>(ক) উপ-ধারা (২) এর প্রান্তঃস্থিত "।" চিহ্নের পরিবর্তে ":" চিহ্ন প্রতিস্থাপন করা হয়েছে এবং অতঃপর নিম্নরূপ শর্ত সংযোজন করা হয়েছে, যথা:-<br>"তবে শর্ত থাকে যে, সরবরাহ গ্রহীতা প্রযোজ্য ক্ষেত্রে অনিবন্ধিত বা তালিকাভুক্ত নয় এইরূপ ব্যক্তির নিকট হইতে সরবরাহ গ্রহণ করিয়া থাকিলে প্রযোজ্য মূসক পরিশোধে তিনি দায়ী থাকিবেন।" | বাস্তবতার নিরিখে অনেক ক্ষেত্রেই অনিবন্ধিত বা তালিকাভুক্ত নয় এমন ব্যাক্তির নিকট হতে উৎসে কর্তনকারী সত্ত্বা সরবরাহ গ্রহণ করে থাকে। তাই এ সংশোধনী আনায়ন করা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | ধারা ৪৯ এর উপ-ধারা (৫) সংশোধন | (খ) উপ-ধারা (৫) এ উল্লিখিত “উপস্থাপন সাপেক্ষে” শব্দগুলির পর “মূল্য সংযোজন কর এই ক্ষেত্রে প্রযোজ্য হইবে না বিধায়” শব্দগুলি সন্নিবেশ করা হয়েছে। | আইনের ধারা ৪৯ এর উপ-ধারা (৫) এ সেবা সরবরাহের ক্ষেত্রে প্রযোজ্য ক্ষেত্রে সাব-কন্ট্রাক্টরের বিলের উপর উৎসে মূসক কর্তন না করার বিধান রয়েছে। এক্ষেত্রে প্রায়োগিক জটিলতা নিরসনকল্পে এ বিধান সন্নিবেশ করা হয়েছে। |
| ১২. | ধারা ৫০ এর উপ-ধারা (২) সংশোধন | ধারা ৫০ এর উপ-ধারা (২) এ উল্লিখিত “পরবর্তী কর মেয়াদে” শব্দগুলির পরিবর্তে “পরবর্তী ৩ (তিন) কর মেয়াদে” শব্দগুলি, সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপন করা হয়েছে। | বিলম্বে মূল্য পরিশোধসহ নানাবিধ কারণে উৎসে কর্তনকারী সত্তার নিকট হতে যথাসময়ে ফরম মূসক-৬.৬ এ উৎসে কর্তন সনদপত্র পাওয়া যায় না। ফলে করদাতাগণের হ্রাসকারী সমন্বয় তামাদি হয়ে যায়। সে কারণে ব্যবসা-বাণিজ্য সহজীকরণ এবং মূল্য সংযোজন কর আইনের পদ্ধতিগত ও প্রয়োগিক জটিলতা নিরসনকল্পে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ১৩. | ধারা ৫২ এর উপ-ধারা (১) এর দফা (চ) সংশোধন | ধারা ৫২ এর উপ-ধারা (১) এর দফা (চ) এ উল্লিখিত “ব্যবসা সনাক্তকরণ সংখ্যা” শব্দগুলির পরিবর্তে “ব্যবসা সনাক্তকরণ সংখ্যা (প্রযোজ্য ক্ষেত্রে)” শব্দগুলি ও চিহ্ন প্রতিস্থাপন করা হয়েছে। | প্রায়োগিক জটিলতা নিরসনকল্পে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ১৪. | ধারা ৭২ সংশোধন | ধারা ৭২ এর বিদ্যমান বিধান উপ-ধারা (১) হিসাবে সংখ্যায়িত করা হয়েছে এবং উক্তরূপ সংখ্যায়িত উপ-ধারা (১) এর পর নিম্নরূপ উপ-ধারা (২) সংযোজন করা হয়েছে, যথা:- | বর্তমানে অনিবন্ধিত ব্যক্তি কর্তৃক ভুলবশত জমাকৃত অর্থ ফেরত প্রদানের কোন বিধান মূল্য সংযোজন কর |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | "(২) যদি কোনো অনিবন্ধিত ব্যক্তি কর্তৃক ভুলবশত কোন কর পরিশোধ করা হয়, তাহা হইলে যে কমিশনারেটের অর্থনৈতিক কোডে উক্ত কর জমা প্রদান করা হইয়াছে উক্ত কমিশনারেট নির্ধারিত পদ্ধতিতে উক্ত কর ফেরত প্রদান করিতে পারিবে।" | আইনে রাখা হয়নি। সে কারণে অনিবন্ধিত ব্যক্তি কর্তৃক ভূলবশত কোন অর্থ জমা করা হলে তা ফেরত প্রদানে জটিলতা সৃষ্টি হয়। সে কারণে এ বিধান সংযোজন করা হয়েছে। |
| ১৫. | ধারা ৭৩ এর উপ-ধারা (১) প্রতিস্থাপন | ধারা ৭৩ এর উপ-ধারা (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (১) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>"(১) কমিশনার বা ধারা ৮৬ এর সারণীতে বর্ণিত যথোপযুক্ত কর্মকর্তা কোনো ব্যক্তিকে নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে তৎকর্তৃক প্রদেয় কর নির্ধারণের জন্য প্রাথমিক কারণ দর্শানো নোটিশ প্রদান করিতে পারিবেন, যথা:—<br>(ক) যদি কমিশনার বা ধারা ৮৬ এর সারণীতে বর্ণিত যথোপযুক্ত কর্মকর্তা দাখিলপত্র পরীক্ষা করিয়া দাখিলপত্রের যথার্থতা সম্পর্কে সন্তুষ্ট না হন বা যুক্তিসঙ্গতভাবে বিশ্বাস করেন যে,-<br>(অ) কোন দাখিলপত্রে উক্ত ব্যক্তি উৎপাদ কর, সম্পূরক শুল্ক বা বৃদ্ধিকারী বা হ্রাসকারী সমন্বয়ের বিষয়ে মিথ্যা ঘোষণা বা অসত্য বর্ণনা প্রদান করিয়াছেন; বা<br>(আ) টার্নওভার কর দাখিলপত্রে উক্ত ব্যক্তি কোন কর মেয়াদে তাহার টার্নওভার সম্পর্কে মিথ্যা ঘোষণা প্রদান করিয়াছেন;<br>(খ) যদি উক্ত ব্যক্তি নির্ধারিত সময়সীমার মধ্যে দাখিলপত্র পেশ করিতে ব্যর্থ হন;<br>(গ) যদি উক্ত ব্যক্তি প্রদেয় কর পরিশোধ করিতে ব্যর্থ হন বা ফাঁকি প্রদান করেন বা পরিহার করেন; বা<br>(ঘ) যদি উক্ত ব্যক্তি অর্থ ফেরত লাভের বা প্রত্যর্পণ পাওয়ার অধিকারী না হওয়া সত্ত্বেও তাহার বরাবরে অর্থ ফেরত প্রদান বা প্রত্যর্পণ প্রদান করা হয়। | কর নির্ধারণের ক্ষেত্রে প্রাথমিক নোটিশ জারির বিষয়টি অধিকতর স্পষ্ট করার লক্ষ্যে এ সংশোধনী আনা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | ধারা ৭৩ এর উপ-ধারা (২) প্রতিস্থাপন | ধারা ৭৩ এর উপ-ধারা (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (২) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br><br>(২) উপ-ধারা (১) এর অধীন যে ব্যক্তির উপর কর নির্ধারণ করা হয় সেই ব্যক্তি উক্ত উপ-ধারার অধীন কারণ দর্শানো নোটিশে উল্লিখিত সময়সীমার মধ্যে লিখিতভাবে উক্ত নোটিশের বিরুদ্ধে আপত্তি উত্থাপন করিলে তাহাকে শুনানির সুযোগ প্রদান করিতে হইবে, অতঃপর উক্ত ব্যক্তির উত্থাপিত আপত্তি বিবেচনা করিয়া সংশ্লিষ্ট কমিশনার বা ধারা ৮৬ এর সারণীতে বর্ণিত যথোপযুক্ত কর্মকর্তা উক্ত আপত্তি দাখিলের ১২০ (একশত বিশ) দিনের মধ্যে, যাহার মধ্যে উক্ত ব্যক্তির আবেদনের প্রেক্ষিতে অনুমোদিত সময় অন্তর্ভুক্ত হইবে না বা কোন আপত্তি দাখিল না করা হইলে উক্ত উপ-ধারার অধীন নোটিশ জারির তারিখ হইতে ১২০ (একশত বিশ) দিনের মধ্যে নোটিশ চূড়ান্তকরণের মাধ্যমে চূড়ান্ত কর নির্ধারণ করিতে পারিবেন, যাহাতে অন্যান্য প্রয়োজনীয় তথ্যের সহিত নিম্নবর্ণিত বিষয়াদি উল্লেখ থাকিবে, যথা:-<br><br>(ক) কর নির্ধারণের কারণ, কর নির্ধারণের ফলে প্রদেয় করের পরিমাণ এবং যাহার ভিত্তিতে উক্ত পরিমাণ কর নির্ধারণ করা হইয়াছে উহার বিবরণ;<br><br>(খ) যে তারিখের মধ্যে কর প্রদান করিতে হইবে সেই তারিখ, তবে, উক্ত তারিখ নোটিশ জারির তারিখ হইতে কমপক্ষে ১৫ (পনের) কার্যদিবস পরে হইতে হইবে; এবং<br><br>(গ) কর নির্ধারণের বিরুদ্ধে আপিল দায়ের করিবার স্থান ও সময়। | কর নির্ধারণের ক্ষেত্রে চূড়ান্ত নোটিশ জারির বিষয়টি অধিকতর স্পষ্ট করার লক্ষ্যে এ সংশোধনী আনা হয়েছে। |
| | ধারা ৭৩ এর উপ-ধারা (৩) প্রতিস্থাপন | ধারা ৭৩ এর উপ-ধারা (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (৩) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br><br>(৩) কমিশনার বা ধারা ৮৬ এর সারণীতে বর্ণিত যথোপযুক্ত কর্মকর্তা কর মেয়াদ সমাপ্তির ৫ (পাঁচ) বৎসর, তবে শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের অধিককাল পরে উল্লিখিত | ধারা ৯০ এর সাথে সামঞ্জস্যপূর্ণ করার লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | কর মেয়াদের জন্য সংশোধিত কর নির্ধারণসহ কোন কর নির্ধারণ করিতে পারিবেন না, যদি না—<br>(ক) নিবন্ধিত ব্যক্তি দাখিলপত্র পেশকরণে ইচ্ছাকৃতভাবে অবহেলা বা প্রতারণা করেন, কোন কর মেয়াদের জন্য দাখিলপত্র পেশ না করেন, বা কর মেয়াদে প্রতারণার আশ্রয় গ্রহণ করিয়া অর্থ ফেরত প্রদানের জন্য আবেদন করেন; বা<br>(খ) নিবন্ধিত ব্যক্তি কর ফাঁকি দেওয়ার উদ্দেশ্যে কোন তথ্য গোপন করেন, বিকৃত করেন বা মিথ্যা তথ্য প্রদানপূর্বক কর চালানপত্র ইস্যু করেন বা উদ্দেশ্যমূলকভাবে এই সকল বা অন্য কোন অপরাধ করেন; বা<br>(গ) আদালত বা আপীলাত ট্রাইব্যুনাল বা মূল্য সংযোজন কর কর্তৃপক্ষের সিদ্ধান্ত কার্যকরকরণের জন্য সংশোধিত কর নির্ধারণ প্রয়োজন হয়।” | |
| ১৬. | ধারা ৭৪ সংশোধন | ধারা ৭৪ এর-<br>(ক) উপ-ধারা (১), (২) ও (৪) এ উল্লিখিত “কমিশনার” শব্দের পরিবর্তে “কমিশনার বা ধারা ৮৬ এর সারণীতে বর্ণিত যথোপযুক্ত কর্মকর্তা” শব্দগুলি ও সংখ্যা প্রতিস্থাপন করা হয়েছে; এবং<br>(খ) উপ-ধারা (৩) এ উল্লিখিত “কমিশনারকে” শব্দের পরিবর্তে “কমিশনারকে বা ধারা ৮৬ এর সারণীতে বর্ণিত যথোপযুক্ত কর্মকর্তাকে” শব্দগুলি ও সংখ্যা প্রতিস্থাপন করা হয়েছে। | আইনের ধারা ৭৩ এর সাথে সামঞ্জস্যপূর্ণ করার লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ১৭. | ধারা ৭৫ এর উপ-ধারা (২) সংশোধন | ধারা ৭৫ এর উপ-ধারা (২) এ উল্লিখিত “কমিশনার” শব্দের পরিবর্তে “কমিশনার বা ধারা ৮৬ এর সারণীতে বর্ণিত যথোপযুক্ত কর্মকর্তা” শব্দগুলি ও সংখ্যা প্রতিস্থাপন করা হয়েছে। | আইনের ধারা ৭৩ এর সাথে সামঞ্জস্যপূর্ণ করার লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ১৮. | ধারা ৭৭ সংশোধন | ধারা ৭৭ এর-<br>(ক) উপ-ধারা (১) এ উল্লিখিত “কর নির্ধারণ নোটিশের” শব্দগুলির পূর্বে “চূড়ান্ত” শব্দটি সন্নিবেশ করা হয়েছে; এবং<br>(খ) উপ-ধারা (৩) এ উল্লিখিত “উক্ত নোটিশে” | আইনের ধারা ৭৩ এর সাথে সামঞ্জস্যপূর্ণ করার লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | শব্দগুলির পরিবর্তে "উক্ত চূড়ান্ত নোটিশে" শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে। | |
| ১৯. | ধারা ৮২ সংশোধন | ধারা ৮২ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "চার্টার্ড একাউন্টেন্ট ফার্ম" শব্দগুলির পর, ", ক্রেডিট রেটিং এজেন্সি" চিহ্ন ও শব্দগুলি সন্নিবেশ করা হয়েছে। | বিভিন্ন প্রতিষ্ঠানের নিরীক্ষা কার্যক্রম পরিচালনার সময় দাখিলকৃত বার্ষিক নিরীক্ষা প্রতিবেদনের সাথে ক্রেডিট রেটিং এজেন্সি এর রিপোর্ট পর্যালোচনা করা প্রয়োজন হয়। তাই, আইনে মূসক কর্মকর্তাকে সহায়তা প্রদানের লক্ষ্যে "ক্রেডিট রেটিং এজেন্সি" অন্তর্ভুক্ত করা হয়েছে। |
| ২০. | ধারা ৮৫ এর উপ-ধারা (১) সংশোধন | উক্ত আইনের ধারা ৮৫ এর-<br>(ক) উপ-ধারা (১) এর সারণীর কলাম (১) এর-<br>(অ) ক্রমিক নং (চ) এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত "১০ (দশ)" সংখ্যা, চিহ্ন ও শব্দের পরিবর্তে "৫ (পাঁচ)" সংখ্যা, চিহ্ন ও শব্দ প্রতিস্থাপন করা হয়েছে;<br>(আ) ক্রমিক নং (ছ), (জ), (ঝ) এবং (ড) এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত "সমপরিমাণ" শব্দের পরিবর্তে "অন্যূন অর্ধেক এবং অনূর্ধ্ব সমপরিমাণ" শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে;<br>(ই) ক্রমিক নং (ঞ) এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত ", সমন্বিত কর চালানপত্র" চিহ্ন ও শব্দগুলি বিলুপ্ত করা হয়েছে;<br>(ঈ) ক্রমিক নং (ঢ) এর কলাম (৩) এর প্রান্তঃস্থিত "।" চিহ্ন বিলুপ্ত হইবে এবং অতঃপর নূতন ক্রমিক নং (ণ) এবং তৎবিপরীতে কলাম (২) এবং কলাম (৩) এ নিম্নরূপ এন্ট্রিসমূহ সন্নিবেশ করা হয়েছে, যথা:-<br>(ণ) \| অব্যাহতি প্রাপ্ত পণ্য বা সেবা সরবরাহের ক্ষেত্রে আইনের ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এ উল্লিখিত বিধান পরিপালন করিবার ব্যর্থতা বা অনিয়ম; \| ১ (লক্ষ) টাকা মাত্র। | মূল্য সংযোজন কর আইনের প্রায়োগিক জটিলতা নিরসণকল্পে ও ব্যবসা-বাণিজ্য সহজীকরণের লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | ধারা ৮৫ এ নূতন উপ-ধারা (২ক) সন্নিবেশ | উপ-ধারা (২) এর পর নিম্নরূপ নূতন উপ-ধারা (২ক) সন্নিবেশ করা হয়েছে, যথা:-<br>“(২ক) কোন ব্যক্তি ভুলবশত বা ভুল ব্যাখ্যার কারণে কর পরিশোধ না করিলে বা কর অনাদায়ী থাকিলে বা কর ফেরত গ্রহণ করিলে বা অধিক রেয়াত গ্রহণ করিলে বা যথাযথভাবে হ্রাসকারী/বৃদ্ধিকারী সমন্বয় না করিলে এবং পরবর্তীতে আইনের সংশ্লিষ্ট ধারা অনুযায়ী নিরূপিত চূড়ান্ত কর সুদসহ পরিশোধ করিলে, উক্ত ক্ষেত্রে তাহার উপর কোনো জরিমানা আরোপ করা যাইবে না।” | মূল্য সংযোজন কর আইনের প্রায়োগিক জটিলতা নিরসণকল্পে ও ব্যবসা-বাণিজ্য সহজীকরণের লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| | ধারা ৮৫ এ নূতন উপ-ধারা (৪ক) সন্নিবেশ | উপ-ধারা (৪) এর পর নিম্নরূপ নূতন উপ-ধারা (৪ক) সন্নিবেশ করা হয়েছে, যথা:-<br>“(৪খ) কোনো প্রতিষ্ঠানের কোনো সরবরাহ না থাকিবার কারণে উক্ত প্রতিষ্ঠান যদি সাময়িকভাবে বন্ধ হইয়া যায় এবং প্রতি কর মেয়াদান্তে দাখিলপত্র পেশ করিতে ব্যর্থ হয় এবং নির্দিষ্ট সময় পর পুনরায় উক্ত প্রতিষ্ঠান চালু হয়, সেই ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠান সাময়িকভাবে বন্ধ এবং পুনরায় চালু হইবার মধ্যবর্তী কর মেয়াদ বা কর মেয়াদসমূহের দাখিলপত্র পেশের ব্যর্থতার জন্য উপ-ধারা (১) এর সারণীর (১) নং কলামের ক্রমিক নং (চ) এ উল্লিখিত জরিমানা আরোপ করা যাইবে না।” | মূল্য সংযোজন কর আইনের প্রায়োগিক জটিলতা নিরসণকল্পে ও ব্যবসা-বাণিজ্য সহজীকরণের লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ২১. | ধারা ৯৫ সংশোধন | ধারা ৯৫ এর-<br>(ক) উপ-ধারা (১ক) এ উল্লিখিত “একজন” শব্দের পরিবর্তে “এক বা একাধিক” শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে; এবং<br>(খ) উপ-ধারা ৫ এর দফা (জ) এর প্রান্তঃস্থিত “।” চিহ্নের পরিবর্তে “;” চিহ্ন প্রতিস্থাপন করা হয়েছে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (ঝ) সংযোজন করা হয়েছে, যথা:-<br>“(ঝ) উক্ত কর সম্পূর্ণরূপে পরিশোধ না হওয়া পর্যন্ত খেলাপি করদাতার ব্যবসা অঙ্গনের গ্যাস, পানি ও বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করিবার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করিতে পারিবেন।” | বকেয়া ভ্যাট আদায় কার্যক্রম জোরদার করার লক্ষ্যে একাধিক Debt Recovery Officer (DRO) নিয়োগের বিধান করা হয়েছে। এছাড়া খেলাপী করদাতা হতে বকেয়া আদায়ের কার্যক্রম জোরদার করার লক্ষ্যে নতুন বিধান সন্নিবেশ করা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| ২২. | ধারা ১২১ এর উপ-ধারা (২) সংশোধন | ধারা ১২১ এর উপ-ধারা (২) এ উল্লিখিত "করের" শব্দের পরিবর্তে "করের, জরিমানা ব্যতীত," শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপন করা হয়েছে। | আপীল রুজুর বিধান সহজ করার লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ২৩. | ধারা ১২২ সংশোধন | ধারা ১২২ এর-<br>(ক) উপ-ধারা (১) এর প্রান্তস্থিত "।" চিহ্নের পরিবর্তে ":" চিহ্ন প্রতিস্থাপন করা হয়েছে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজন করা হয়েছে, যথা:-<br>"তবে শর্ত থাকে যে, প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, আপীলকারী যুক্তিসংগত কারণে উক্ত ৯০ (নব্বই) দিনের মধ্যে আপীল দায়ের করিতে সক্ষম হন নাই, তাহা হইলে তিনি আপীলকারীকে উক্ত মেয়াদের পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে আপীল দায়ের করিবার জন্য অনুমতি প্রদান করিতে পারিবেন।"<br>(খ) উপ-ধারা (২) এ উল্লিখিত "করের" শব্দের পরিবর্তে "করের, জরিমানা ব্যতীত," শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপন করা হয়েছে। | আপীল রুজুর বিধান সহজ করার লক্ষ্যে এ বিধান সংযোজন করা হয়েছে। |
| ২৪. | ধারা ১২৪ এর উপ-ধারা (৪) সংশোধন | ধারা ১২৪ এর উপ-ধারা (৪) এ উল্লিখিত "করের বা জরিমানার" শব্দগুলির পরিবর্তে "করের, জরিমানা ব্যতীত," শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপন করা হয়েছে। | আপীল রুজুর বিধান সহজ করার লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ২৫. | ধারা ১২৭ এর উপ-ধারা (১) সংশোধন | উক্ত আইনের ধারা ১২৭ এর-<br>(ক) উপ-ধারা (১) এ উল্লিখিত "কমিশনারের" শব্দের পরিবর্তে "কমিশনার বা ধারা ৮৬ এর সারণীতে বর্ণিত যথোপযুক্ত কর্মকর্তার" শব্দগুলি ও সংখ্যা প্রতিস্থাপন করা হয়েছে; এবং<br>(খ) উপ-ধারা (১) এর ব্যাখ্যার পরিবর্তে নিম্নরূপ ব্যাখ্যা প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>"ব্যাখ্যাঃ এই উপ-ধারায়, "পরিশোধের দিন পর্যন্ত" অর্থ নির্ধারিত তারিখের পরবর্তী দিন হইতে নিষ্পন্নাধীন সময়সহ পরিশোধের দিন পর্যন্ত, তবে ২৪ (চব্বিশ) মাসের অধিক নহে।" | আইনের ধারা ৭৩ এর সাথে সামঞ্জস্যপূর্ণ করার লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে।<br>বকেয়া ভ্যাটের উপর সুদ আরোপের সময়সীমা সর্বোচ্চ ২৪ মাস করা হয়েছে। |

**(খ) প্রথম তফসিলের পরিবর্তনসমূহঃ**

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>তফসিল</th><th>বিষয়বস্তু</th><th>নির্দেশনা/করণীয়</th></tr>
<tr><td rowspan="4">১.</td><td rowspan="4">প্রথম তফসিল (প্রথম খন্ড)</td><td>প্রথম তফসিল এর- প্রথম খন্ড এর দফা (২) এর টেবিলের কলাম (১) এ উল্লিখিত-<br><br>(অ) শিরোনামা সংখ্যা ০৩.০৫ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড “০৩০৫.১০.৯০” বিলুপ্ত করা হয়েছে;</td><td>World Customs Organization (WCO) কর্তৃক কতিপয় H.S. Code বিলুপ্তকরণপূর্বক নতুন H.S. Code সৃজন করায় এ সংশোধনী আনয়ন করা হয়েছে।</td></tr>
<tr><td>(আ) শিরোনামা সংখ্যা ০৩.০৭ এর বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর, যথাক্রমে নিম্নরূপ নূতন শিরোনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ সন্নিবেশ করা হয়েছে, যথা:-<br><table><tr><td>“০৩.০৯</td><td>০৩০৯.১০.৯০</td><td>মানুষের ভোগের জন্য মাছের গুঁড়া (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত)”</td></tr></table></td><td>World Customs Organization (WCO) কর্তৃক কতিপয় H.S. Code বিলুপ্তকরণপূর্বক নতুন H.S. Code সৃজন করায় এ সংশোধনী আনয়ন করা হয়েছে।</td></tr>
<tr><td>(ই) শিরোনামা সংখ্যা ০৪.১০ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরোনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br><table><tr><td>“০৪.১০</td><td>০৪১০.১০.৯০<br>০৪১০.৯০.৯০</td><td>অন্যত্র অন্তর্ভুক্ত বা বর্ণিত হয় নাই পশু হইতে উদ্ভুত এইরূপ ভোজ্য সামগ্রী (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত)”</td></tr></table></td><td>World Customs Organization (WCO) কর্তৃক কতিপয় H.S. Code বিলুপ্তকরণপূর্বক নতুন H.S. Code সৃজন করায় এ সংশোধনী আনয়ন করা হয়েছে।</td></tr>
<tr><td>(ঈ) শিরোনামা সংখ্যা ২৫.০৮ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরোনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br><table><tr><td>“২৫.০৮</td><td>২৫০৮.৪০.৯০</td><td>মাটি”</td></tr></table></td><td>World Customs Organization (WCO) এর নির্দেশনার আলোকে H.S. Code প্রতিস্থাপন করা হয়েছে।</td></tr>
<tr><td>২.</td><td>প্রথম তফসিল (দ্বিতীয় খন্ড)</td><td>প্রথম তফসিল এর দ্বিতীয় খন্ডের-<br>(অ) অনুচ্ছেদ ২ এর দফা (ঞ) এর প্রান্তস্থিত “।” চিহ্নের পরিবর্তে “;” চিহ্ন প্রতিস্থাপন করা হয়েছে এবং অতঃপর নিম্নরূপ দফা (ট) সংযোজন করা হয়েছে, যথা:-<br><table><tr><td>“(ট)</td><td>দৃষ্টি প্রতিবন্ধী মানুষের পড়ার উপকরণ ব্রেইল মুদ্রণ।”</td></tr></table></td><td>দৃষ্টি প্রতিবন্ধি মানুষদের পড়ার উপকরণ ব্রেইল মুদ্রণের ক্ষেত্রে মূসক অব্যাহতি প্রদানের লক্ষ্যে আইনের প্রথম তফসিলের দ্বিতীয় খন্ডের অনুচ্ছেদ-২ এ সমাজ কল্যাণমূলক সেবা হিসেবে বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে।</td></tr>
</table>

| ক্রমিক নং | তফসিল | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | প্রথম তফসিল (দ্বিতীয় খন্ড) | (আ) অনুচ্ছেদ ৫ এর দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br><br>“(ক) যাত্রী পরিবহন সেবা (শীতাতপ নিয়ন্ত্রিত/তাপানুকূল বাস, শীতাতপ নিয়ন্ত্রিত/তাপানুকূল নৌযান, শীতাতপ নিয়ন্ত্রিত/ তাপানুকূল ও প্রথম শ্রেণীর নন-এসি রেলওয়ে সার্ভিস, যানবাহন ভাড়া প্রদানকারী ব্যতীত);” | বর্তমানে শীতাতপ নিয়ন্ত্রিত/তাপানুকূল রেলওয়ে সার্ভিসের উপর ১৫ শতাংশ মূসক প্রযোজ্য রয়েছে। এর পাশাপাশি প্রথম শ্রেণীর রেলওয়ে সার্ভিসের উপর মূসক আরোপ করার লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |

## (গ) দ্বিতীয় তফসিলের পরিবর্তনসমূহঃ

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| ১. | দ্বিতীয় তফসিলের টেবিল-১ প্রতিস্থাপন | দ্বিতীয় তফসিলের টেবিল-১ (আমদানি পর্যায়ে সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্যসমূহ) প্রতিস্থাপন করা হয়েছে। | আমদানি পর্যায়ে বিভিন্ন এইচ.এস. কোডের বিপরীতে সম্পূরক শুল্কের হার পরিবর্তন করা হয়েছে। |
| ২. | দ্বিতীয় তফসিল এর টেবিল-২ সংশোধন | টেবিল-২ এর কলাম (১) এর-<br><br>(অ) শিরনামা সংখ্যা ২২.০২ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br><br>২২.০২ \| ২২০২.১০.০০ \| কার্বনেটেড বেভারেজ [বাংলাদেশ মান (বিডিএস ১১২৩:২০১৩) অনুসারে নির্ধারিত মাত্রার উপাদান সম্বলিত পানীয় যাতে ক্যাফেইনের মাত্রা সর্বোচ্চ ১৪৫ মিলিগ্রাম/প্রতি লিটার] \| ২৫ | বিএসটিআই এর বিদ্যমান বিধানের সাথে সামঞ্জস্য রেখে সম্পূরক শুল্ক প্রযোজ্যতার বিষয়টি স্পষ্টীকরনের লক্ষ্যে এ সংশোধনীর প্রস্তাব করা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | <table><tr><td></td><td>২২০২.৯৯.০০</td><td>বাংলাদেশ মান (বিডিএস ১১২৩:২০১৩) অনুসারে সংজ্ঞায়িত কার্বনেটেড বেভারেজের জন্য নির্ধারিত মাত্রার উপাদান অপেক্ষা ভিন্নতর মাত্রার উপাদান সম্বলিত পানীয়</td><td>৩৫</td></tr></table> | |
| | দ্বিতীয় তফসিল এর টেবিল-২ সংশোধন | (আ) শিরনামা সংখ্যা ৩৯.২৩ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত করা হয়েছে। | মাঠ পর্যায়ের জটিলতা নিরসনকল্পে পলিইথিলিনের প্যাকেজিং সামগ্রীর ক্ষেত্রে আরোপিত বিদ্যমান ৫% সম্পূরক শুল্ক প্রত্যাহার করা হয়েছে। |

## (ঘ) তৃতীয় তফসিলের পরিবর্তনসমূহঃ

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| ১. | তৃতীয় তফসিল এর টেবিল-১ (খন্ড-ক) সংশোধন | তৃতীয় তফসিল এর-<br>(ক) টেবিল-১ ('খন্ড-ক'-মূসক আরোপযোগ্য পণ্য) এর কলাম (১) এর-<br><br>(অ) শিরনামা সংখ্যা ১৯.০৫ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপন করা হয়েছে, যথা: -<br><table><tr><td>"১৯.০৫</td><td>সংশ্লিষ্ট এইচএস কোড</td><td>মেশিনে প্রস্তুত বিস্কুট</td><td>৫%</td></tr><tr><td>১৯.০৫</td><td>সংশ্লিষ্ট এইচএস কোড</td><td>হাতে তৈরি বিস্কুট (প্রতি কেজি ১৫০ টাকা মূল্যমানের উর্ধ্বে)</td><td>৫%</td></tr><tr><td>১৯.০৫</td><td>সংশ্লিষ্ট এইচএস কোড</td><td>কেক (প্রতি কেজি ২৫০ টাকা মূল্যমানের উর্ধ্বে)</td><td>৫%</td></tr></table> | নিত্য পণ্য বিবেচনায় ও মাঠ পর্যায়ের জটিলতা এড়ানোর লক্ষ্যে "হাতে তৈরি কেক (প্রতি কেজি ১৫০ টাকা মূল্য মানের উর্ধ্বে)" এর পরিবর্তে "কেক (প্রতি কেজি ২৫০ টাকা মূল্যমানের উর্ধ্বে) নির্ধারণ করা হয়েছে। |

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>ধারা</th><th>বিষয়বস্তু</th><th>নির্দেশনা/করণীয়</th></tr>
<tr><td></td><td>তৃতীয় তফসিল এর টেবিল-১ (খন্ড-ক) সংশোধন</td><td>(আ) শিরনামা সংখ্যা ৪৮.১৮ এবং উহার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রি (৪) এর পর নিম্নরূপ এন্ট্রি (৫) সংযোজন করা হয়েছে, যথা:-<br><br>"হ্যান্ড টাওয়েল/পেপার টাওয়েল/ ক্লিনিকাল বেড শিট";</td><td>কিচেন টাওয়েল, টয়লেট টিস্যু, ন্যাপকিন টিস্যু, ফেসিয়াল টিস্যু/ পকেট টিস্যু এর বিদ্যমান মূসক হার ৫%। সমজাতীয় পণ্য হওয়ায় হেডিং ৪৮.১৮ এর আওতাধীন "হ্যান্ড টাওয়েল/পেপার টাওয়েল/ক্লিনিকাল বেড শিট" এর মূসক হার উৎপাদন পর্যায়ে ৫ (পাঁচ) শতাংশ নির্ধারণ করা হয়েছে।</td></tr>
<tr><td>২.</td><td>তৃতীয় তফসিল এর টেবিল-১ (খন্ড-খ) সংশোধন</td><td>(খ) টেবিল-১ ('খন্ড-খ'-মূসক আরোপযোগ্য সেবা) এর কলাম (১) এর শিরনামা সংখ্যা S০০১ এবং উহাদের বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br><br>"S০০১ | S০০১.২০ | রেস্তোরাঁ (বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের তালিকাভুক্ত তিন তারকা বা তদূর্ধ্ব মানের আবাসিক হোটেলে অবস্থিত রেস্টুরেন্ট, মদের বার সম্বলিত আবাসিক হোটেলে অবস্থিত রেস্টুরেন্ট এবং মদের বার আছে এমন রেস্টুরেন্ট ব্যতীত) | ৫%"</td><td>রেস্তোরাঁ খাতে মূসক আদায় পদ্ধতি সহজীকরণ এবং নেট বৃদ্ধির লক্ষ্যে এসি ও নন-এসি রেস্তোরাঁর উপর মূসক হার যথাক্রমে ১০% ও ৫% এর পরিবর্তে উভয় ক্ষেত্রে ৫% করা হয়েছে। এক্ষেত্রে ৩ তারকা ও তদূর্ধ্ব মানের হোটেলে অবস্থিত রেস্তোরাঁ, মদের বার সম্বলিত আবাসিক হোটেলে অবস্থিত রেস্টুরেন্ট ও মদের বার রয়েছে এমন রেস্তোরাঁয় ১৫% মূসক প্রযোজ্য থাকবে। সে লক্ষ্যে প্রয়োজনীয় সংশোধনী আনায়ন করা হয়েছে।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>ধারা</th><th>বিষয়বস্তু</th><th>নির্দেশনা/করণীয়</th></tr>
<tr><td rowspan="2">৩.</td><td>তৃতীয় তফসিল এর টেবিল-৩ (খন্ড-খ) সংশোধন</td><td>(গ) টেবিল-৩ (‘খন্ড-খ’-মূসক আরোপযোগ্য সেবা) এর কলাম (১) এর-<br><br>(অ) শিরনামা সংখ্যা S০০১ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত করা হয়েছে।</td><td>তৃতীয় তফসিলের টেবিল-১ (‘খন্ড-খ’ - মূসক আরোপযোগ্য সেবা) এর সাথে সামঞ্জস্য আনয়নের লক্ষ্যে তৃতীয় তফসিলের টেবিল-৩ (‘খন্ড-খ’ - মূসক আরোপযোগ্য সেবা) এ উল্লিখিত “এসি রেস্তোরাঁ” সেবাটি বিলুপ্ত করা হয়েছে।</td></tr>
<tr><td>তৃতীয় তফসিল এর টেবিল-৩ (খন্ড-খ) সংশোধন</td><td>(আ) শিরনামা সংখ্যা S০৩৬ এবং উহাদের বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br><table><tr><td>S০৩৬</td><td>S০৩৬.২০</td><td>শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল নৌযান সার্ভিস</td><td>১০%”;</td></tr></table></td><td>আইনের তৃতীয় তফসিলের টেবিল-৩ (‘খন্ড-খ’ - মূসক আরোপযোগ্য সেবা) এ লঞ্চ সার্ভিস উল্লেখ থাকায় অনেক ক্ষেত্রে শিপ বা ছোট জাহাজ বা প্রমোদতরী বা ওয়াটার বাস এর ক্ষেত্রে মূসক আদায়ে আইনগত বাধ্যবাধকতা থাকে না। বিষয়টি স্পষ্টীকরণের জন্য এ সংশোধনী আনয়ন করা হয়েছে।</td></tr>
<tr><td>৪.</td><td>তৃতীয় তফসিল এর টেবিল-৪ (খন্ড-ক) সংশোধন</td><td>(ঘ) টেবিল-৪ (‘খন্ড-ক’-মূসক আরোপযোগ্য পণ্য) এর কলাম (১) এর-<br><br>(অ) শিরনামা সংখ্যা ৫৪.০২ থেকে ৫৪.১০ এবং ৫৫.১২ থেকে ৫৫.১৬ এবং তৎবিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ শিরনামা সংখ্যাসমূহ এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br><table><tr><td>“৫৪.০২ হইতে ৫৪.১০ এবং ৫৫.১২ হইতে ৫৫.১৬</td><td>সকল এইচ.এস. কোড</td><td>কৃত্রিম আঁশ (man made fibre) এবং অন্যান্য আঁশের সংমিশ্রণে তৈরি ইয়ার্ন, যাহার মধ্যে কৃত্রিম আঁশের আধিক্য রয়েছে</td><td>৩ (তিন) টাকা/ প্রতি কেজি”;</td></tr></table></td><td>কটন সুতার ন্যায় কৃত্রিম আঁশ (man made fibre) এবং অন্যান্য আঁশের সংমিশ্রণে তৈরি ইয়ার্ন এর উপর “৬ (ছয়) টাকা (প্রতি কেজি)” সুনির্দিষ্ট কর হ্রাস করে “৩ (তিন) টাকা (প্রতি কেজি)” সুনির্দিষ্ট কর আরোপ করা হয়েছে।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>ধারা</th><th>বিষয়বস্তু</th><th>নির্দেশনা/করণীয়</th></tr>
<tr><td></td><td>তৃতীয় তফসিল এর টেবিল-৪ (খন্ড-ক) সংশোধন</td><td>(আ) শিরনামা সংখ্যা ৭২.১৩ হইতে ৭২.১৬ এবং তৎবিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যাসমূহ এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-
<table>
<tr><td>“৭২.১৩ হইতে ৭২.১৬</td><td>সকল এইচএস কোড</td><td>এম,এস প্রোডাক্ট<br>(ক) আমদানি/ স্থানীয়ভাবে সংগৃহীত রি-রোলেবল স্ক্র্যাপ হইতে প্রস্তুতকৃত এম.এস পণ্য</td><td>১৪০০ টাকা (প্রতি মে: টন)</td></tr>
<tr><td></td><td></td><td>(খ) আমদানিকৃত/ স্থানীয়ভাবে সংগৃহীত মেলটেবল স্ক্র্যাপ হইতে প্রস্তুতকৃত সকল প্রকার বিলেট ও ইনগট</td><td>১২০০ টাকা (প্রতি মে: টন)</td></tr>
<tr><td></td><td></td><td>(গ) বিলেট/ইনগট হইতে প্রস্তুতকৃত এম.এস. পণ্য</td><td>১২০০ টাকা (প্রতি মে: টন)</td></tr>
<tr><td></td><td></td><td>(ঘ) গর্দা/মেলটেবল স্ক্র্যাপ হইতে প্রস্তুতকৃত ইনগট/ বিলেট এবং ইনগট/ বিলেট হইতে প্রস্তুতকৃত এম.এস. পণ্য</td><td>২২০০ টাকা (প্রতি মে: টন)</td></tr>
</table></td><td>শিরনামা সংখ্যা ৭২.১৩ থেকে ৭২.১৬ এর বিপরীতে এমএস প্রোডাক্টের ক্ষেত্রে সুনির্দিষ্ট কর প্রতি ক্ষেত্রে ২০০ টাকা বৃদ্ধি করা হয়েছে।</td></tr>
<tr><td>৫.</td><td>তৃতীয় তফসিল এর টেবিল-৪ (খন্ড-খ) সংশোধন</td><td>(ঙ) টেবিল-৪ (‘খন্ড-খ’ – মূসক আরোপযোগ্য সেবা) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০১২ এবং উহাদের বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ সংখ্যা ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-
<table>
<tr><td>“S০১২</td><td>S০১২.২০</td><td>সিম কার্ড বা e-SIM সরবরাহকারী</td><td>২০০ টাকা (প্রতিটি সিম কার্ড বা প্রতিটি e-SIM)”</td></tr>
</table></td><td>বর্তমানে মোবাইল অপারেটরগণ সিম কার্ডের পাশাপাশি e-SIM সরবরাহ করছে। সুতরাং, তৃতীয় তফসিল এর টেবিল-৪ (‘খন্ড-খ’ মূসক আরোপযোগ্য সেবা) এ e-SIM সরবরাহের বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে।</td></tr>
<tr><td>৬.</td><td>তৃতীয় তফসিল এ নূতন অনুচ্ছেদ (৪) সংযোজন</td><td>(চ) অনুচ্ছেদ (৩) এর পর নিম্নরূপ নূতন অনুচ্ছেদ (৪) সংযোজন করা হয়েছে, যথা:-<br>“(৪) নির্ধারিত শর্ত ও পদ্ধতি পরিপালন সাপেক্ষে কতিপয় পাইকারি ব্যবসায়ের ক্ষেত্রে মূসক হার হইবে ১.৫ শতাংশ।”</td><td>কতিপয় পণ্যের পাইকারি ব্যবসায়ের ক্ষেত্রে মূসক হার ১.৫ শতাংশ নির্ধারণ করা হয়েছে।</td></tr>
</table>

০৪। (ক) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর উল্লিখিত সংশোধনীসমূহ:-

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| ১. | বিধি ২ এর উপ-বিধি (১) সংশোধন | বিধি ২ এর উপ-বিধি (১) এর দফা (খ) এর পর নিম্নরূপ নূতন দফা (খখ) সন্নিবেশ করা হয়েছে, যথা:-<br>“(খখ) “চুক্তিভিত্তিক উৎপাদক” অর্থ পণ্যের স্বত্বাধিকারী কর্তৃক সরবরাহকৃত উপকরণ অথবা নিজস্ব উপকরণ ব্যবহার করিয়া পণের বিনিময়ে চুক্তিভিত্তিতে পণ্য উৎপাদনকারী;” | মূল্য সংযোজন কর আইনের আওতায় চুক্তিভিত্তিক উৎপাদন প্রক্রিয়ায় পণ্য উৎপাদনের বিধান রয়েছে। মাঠ পর্যায়ে এর পরিধি নিয়ে অনেক সময় বিতর্কের সৃষ্টি হয়। তাই, চুক্তিভিত্তিক উৎপাদনের পরিধি নির্ণয়ের লক্ষ্যে এ সংজ্ঞা প্রদান করা হয়েছে। |
| ২. | বিধি ১৬ এর উপ-বিধি (১) সংশোধন | বিধি ১৬ এর উপ-বিধি (১) এ উল্লিখিত “বা ধারা ১০ এর অধীন তালিকাভুক্ত” শব্দগুলি ও সংখ্যা বিলুপ্ত করা হয়েছে; | আমদানিকৃত সেবার ক্ষেত্রে আইনের ধারা ২০ এর সাথে সামঞ্জস্য রেখে বিধিতে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ৩. | বিধি ১৮ক এর উপ-বিধি (১) সংশোধন | বিধি ১৮ক এর উপ-বিধি (১) এ উল্লিখিত “বৈদেশিক মুদ্রায় স্থাপিত ঋণপত্রের” শব্দগুলি পরিবর্তে “বৈদেশিক মুদ্রায় স্থাপিত ঋণপত্রের বা চুক্তিপত্রের” শব্দগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপন করা হয়েছে। | ব্যবসা-বাণিজ্য সহজীকরণ, দেশীয় ও বিদেশী প্রতিষ্ঠানের মধ্যে ব্যবসা বাণিজ্যে সমতা বিধান ও মূল্য সংযোজন কর আইনের পদ্ধতিগত ও প্রয়োগিক জটিলতা নিরসন করার লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ৪. | বিধি ২৪গ এর উপ-বিধি (১) সংশোধন | বিধি ২৪গ এর উপ-বিধি (১) এ উল্লিখিত “মূসক-৪.৩” এর পরিবর্তে “মূসক-৪.৬” প্রতিস্থাপন করা হয়েছে। | মূসক-৪.৩ ফরমটি উপকরণ-উৎপাদ সহগ ঘোষণার জন্য নির্ধারিত থাকায় বিধি-২৪গ অনুযায়ী বর্জ্য (ওয়েস্ট) বা উপজাত (বাই- প্রোডাক্ট) পণ্যের সরবরাহ ও নিষ্পত্তিকরণের জন্য ভিন্ন ফরম প্রবর্তন করা জরুরী। তাই বিধি-২৪গ এ বিধান সংশোধন করা হয়েছে। |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| ৫. | বিধি ৪০ এর উপ-বিধি (১) সংশোধন | **বিধি ৪০ এর উপ-বিধি (১) এর-**<br>(ক) দফা (ঘ) এর উপ-দফা (অ) এর পর নিম্নরূপ নূতন উপ-দফা (অঅ) সন্নিবেশ করা হয়েছে, যথা:-<br>“(অঅ) চুক্তিভিত্তিক উৎপাদনের ক্ষেত্রে পণ্যের স্বত্বাধিকারী কর্তৃক আমদানীকৃত উপকরণ আমদানিস্থল হইতে নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে চুক্তিভিত্তিক উৎপাদকের নিকট সরাসরি সরবরাহ করা যাইবে;” এবং<br>(খ) দফা (চ) এর উপ-দফা (আ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (আ) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>“(আ) নিবন্ধিত বা তালিকাভুক্ত সরবরাহ গ্রহীতা উৎসে কর্তন বা আদায়কৃত মূসক সংশ্লিষ্ট কর মেয়াদ সমাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে নির্ধারিত অর্থনৈতিক কোডে সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করিবেন এবং জমা প্রদানের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ফরম “মূসক-৬.৬” এ সরবরাহকারীর অনুকূলে একটি উৎসে কর কর্তন সনদপত্র ইস্যু করিবেন;” | বিদ্যমান বিধান অনুযায়ী চুক্তিভিত্তিক উৎপাদনের ক্ষেত্রে পন্যের স্বত্বাধিকারী প্রথমে উপকরণ ক্রয় করে তার উৎপাদনস্থলে আনয়ন করেন এবং এরপর চুক্তিভিত্তিক উৎপাদকের নিকট প্রেরণ করেন। ফলে উপকরণের পরিবহন খরচ বৃদ্ধি পায়। এতে করে পণ্যের মূল্য বৃদ্ধি পায়। এক্ষেত্রে উপকরণ যদি সরাসরি চুক্তিভিত্তিক উৎপাদকের নিকট প্রেরণ করা সম্ভব হয় সেক্ষেত্রে পন্যের খরচ সাশ্রয় সম্ভব হয় এবং ব্যবসা বান্ধব হয়। এছাড়া উৎসে কর্তিত আদায়কৃত মূসক পরিশোধের পদ্ধতি সহজ করার লক্ষ্যে বিধিতে প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ৬. | বিধি ৪৮ এর উপ-বিধি (১) সংশোধন | বিধি ৪৮ এর উপ-বিধি (১) এ উল্লিখিত “কর মেয়াদ শেষ হওয়ার ন্যূনতম ৭ (সাত) দিন পূর্বে” শব্দগুলির পরিবর্তে “কর মেয়াদ সমাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে” শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে; | করদাতা কর্তৃক বিলম্বে দাখিলপত্র পেশ করতে চাইলে বিদ্যমান বিধান অনুযায়ী কর মেয়াদ শেষ হওয়ার ন্যূনতম ৭ দিন পূর্বে কমিশনারের নিকট আবেদনের বিধান রয়েছে। সাধারণত করদাতাগণ কর মেয়াদ সমাপ্তির পরই দাখিলপত্র পেশ সংক্রান্ত সমস্যার সম্মুখীন হন। তাই, বাস্তবতার নিরিখে প্রায়োগিক জটিলতা নিরসণের লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| ৭. | একাদশ অধ্যায় সংশোধন | একাদশ অধ্যায়ের শিরোনামে উল্লিখিত “কমিশনার কর্তৃক” শব্দগুলি বিলুপ্ত করা হয়েছে; | আইনের ধারা ৭৩ এর সাথে সামঞ্জস্য বিধান ও প্রায়োগিক জটিলতা নিরসণের জন্য এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ৮. | বিধি ৫৭ক এর উপ-বিধি (১) সংশোধন | **বিধি ৫৭ক এর-**<br>(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত “কমিশনার” শব্দটির পরিবর্তে “কমিশনার বা আইনের ধারা ৮৬ এর সারণীতে বর্ণিত যথোপযুক্ত কর্মকর্তা” শব্দগুলি ও সংখ্যা প্রতিস্থাপন করা হয়েছে; এবং | বিলম্বিত দাখিলপত্র পেশ করিবার নোটিশ মূসক ফরম-১১.১ ও কর নির্ধারণের নোটিশ মূসক ফরম-১১.২ এ নোটিশ প্রদানে বিধি ৫৭ক তে কমিশনারকে ক্ষমতা দেয়া হয়েছে। অথচ আইনের ধারা ৭৩ এ কমিশনার সহ অন্যান্য কর কর্মকর্তাগণের কর নির্ধারণের ক্ষমতা রয়েছে। তাই, বাস্তবতার সাথে সামঞ্জস্য বিধান ও প্রায়োগিক জটিলতা নিরসণের জন্য এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| | বিধি ৫৭ক এর উপ-বিধি (২) প্রতিস্থাপন | (খ) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>“(২) নোটিশ প্রদানের ২১ (একুশ) দিনের মধ্যে যদি উক্ত ব্যক্তি দাখিলপত্র পেশ করিতে ব্যর্থ হন, তাহা হইলে সংশ্লিষ্ট কমিশনার বা আইনের ধারা ৮৬ এর সারণীতে বর্ণিত যথোপযুক্ত কর্মকর্তা ধারা ৭৩ অনুসরণপূর্বক কর নির্ধারণের লক্ষ্যে প্রাথমিক নোটিশ জারি করিয়া উহা চূড়ান্ত করিতে পারিবেন।” | আইনের ধারা ৭৩ এর সাথে সামঞ্জস্য রেখে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ৯. | বিধি ৬১ এর উপ-বিধি (৫) সংশোধন | বিধি ৬১ এর উপ-বিধি (৫) এ উল্লিখিত “১৫ (পনেরো) কার্যদিবসের” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে “৩০ (ত্রিশ) দিনের” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে; | তল্লাশি ও জব্দকরণ প্রক্রিয়ার পর দলিলাদি যাচাই বাছাই করে চূড়ান্ত প্রতিবেদন প্রদানের ক্ষেত্রে ১৫ কার্যদিবস সময় পর্যাপ্ত না হওয়ায় প্রতিবেদন অসম্পূর্ণ থাকার সুযোগ থেকে যায় বিধায় ৩০ |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | | (ত্রিশ) দিন সময় প্রদান করা হলে প্রতিবেদন আরো যৌক্তিক ও নির্ভুল করা সম্ভব হবে। তাই, ভুলভ্রান্তি পরিহারের লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ১০. | বিধি ৬৫ এর উপ-বিধি (৬) এর দফা (ঠ) প্রতিস্থাপন | (খ) উপ-বিধি (৬) এর দফা (ঠ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঠ) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>“(ঠ) আদেশে কোনো জরিমানা আরোপ করা হইয়া থাকিলে উক্ত জরিমানা জমা প্রদানের জন্য প্রযোজ্য অর্থনৈতিক কোড, সময় ও জমা প্রদানের পদ্ধতি;” | সংশ্লিষ্ট বিধির ভাষা সামঞ্জস্যপূর্ণ করার লক্ষ্যে এ সংশোধনী আনায়ন করা হয়েছে। |
| ১১. | বিধি ৯৯ এর উপ-বিধি (১) প্রতিস্থাপন | **বিধি ৯৯ এর-**<br>(ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>“(১) মূল্য সংযোজন কর কমিশনারেট, বা ক্ষেত্রমত, আপিল কমিশনারেট বা আপিলাত ট্রাইবুনালে বা সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে বা আপিল বিভাগে নিষ্পন্নাধীন কোনো বিরোধ আইনের ধারা ১২৫ এর অধীন বিকল্প উপায়ে নিষ্পত্তি করিতে চাহিলে সংশ্লিষ্ট নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য বা তালিকাভুক্ত বা তালিকাভুক্তিযোগ্য ব্যক্তিকে সংশ্লিষ্ট কমিশনার বা কমিশনার (আপিল) বা প্রেসিডেন্ট (আপিলাত ট্রাইব্যুনাল), বা ক্ষেত্রমত, সুপ্রিম কোর্টের আপিল বিভাগ বা হাইকোর্ট বিভাগ, যাহাই প্রযোজ্য হয়, বিরোধীয় বিষয় সংশ্লিষ্ট প্রাসঙ্গিক দলিলাদিসহ ফরম “মূসক-১৭.১” এ-<br>(ক) কমিশনারেটে বিচারাধীন বা নিষ্পন্নাধীন মামলা বা বিরোধের ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিশনার; অথবা<br>(খ) আপিল কমিশনারেট বা আপিলাত ট্রাইবুনালে বিচারাধীন মামলা বা বিরোধের ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিশনার (আপিল) বা প্রেসিডেন্ট (আপিলাত ট্রাইব্যুনাল); | উচ্চ আদালতে মামলা জট হ্রাসের লক্ষ্যে বর্তমানে বাংলাদেশে প্রায় সকল আইনে বিকল্প বিরোধ নিষ্পত্তির বিধান অন্তর্ভুক্ত করা হয়েছে। কিন্তু মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও তদধীনে প্রণীত মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৯৯ এ আপীল কমিশনারেট ও আপীলাত ট্রাইব্যুনালে মামলার ক্ষেত্রে বিকল্প বিরোধ নিষ্পত্তির বিধান রাখা হলেও উচ্চ আদালতের পেন্ডিং মামলাসমূহ বিকল্প বিরোধ নিষ্পত্তির আওতায় না রাখার বিষয়টি বিকল্প বিরোধ নিষ্পত্তির প্রক্রিয়া বিঘ্নিত হওয়ার সম্ভাবনা থেকে যায়। |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
| --- | --- | --- | --- |
| | | (গ) সুপ্রিম কোর্টের আপিল বিভাগ বা হাইকোর্ট বিভাগে বিচারাধীন মামলা বা বিরোধের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ;<br>এর নিকট দফা (ক) এর ক্ষেত্রে ২ (দুই) প্রস্থ এবং দফা (খ) ও দফা (গ) এর ক্ষেত্রে ৩ (তিন) প্রস্থে আবেদন করিতে হইবে।” | তাই, উচ্চ আদালতে মূসক সংক্রান্ত মামলার সংখ্যা হ্রাস করার নিমিত্ত এ সংশোধনী আনা হয়েছে। |
| | বিধি ৯৯ এর উপ-বিধি (৪) সংশোধন | উপ-বিধি (৪) এর শেষাংশে উল্লিখিত “নথি,” শব্দ ও চিহ্নের পরিবর্তে “নথির অনুলিপি,” শব্দগুলি ও চিহ্ন প্রতিস্থাপন করা হয়েছে; এবং | করণিক ত্রুটি সংশোধনের নিমিত্ত এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| | বিধি ৯৯ এর উপ-বিধি (৬) ও (৭) সংশোধন | উপ-বিধি (৬) ও (৭) এর পরিবর্তে নিম্নরূপ নূতন উপ-বিধি (৬), (৭), (৮), (৯), (১০) ও (১১) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>“(৬) বিকল্প বিরোধ নিষ্পত্তিযোগ্য কোনো মামলা, যাহা সুপ্রিম কোর্টের আপিল বিভাগে বা হাইকোর্ট বিভাগে বিচারাধীন রহিয়াছে, উহা সংক্ষুব্ধ ব্যক্তির আবেদনের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট কমিশনারেট কর্তৃপক্ষের নিকট বিকল্প বিরোধ নিষ্পত্তির জন্য প্রেরণ করিতে পারিবেন।<br>(৭) আপিল বিভাগ বা হাইকোর্ট বিভাগ কর্তৃক বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়ার জন্য সংশ্লিষ্ট আদালতে মামলাটি স্থগিত (Stay) থাকিবে।<br>(৮) যদি আপিল বিভাগ বা হাইকোর্ট বিভাগ উপ-বিধি (৬) এর অধীন কোনো আবেদনের ক্ষেত্রে বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়ায় বিষয়টি নিষ্পন্নের জন্য সংশ্লিষ্ট কোনো কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদানসহ আবেদনপত্রটি মঞ্জুর করেন, তাহা হইলে নির্দেশিত কর্তৃপক্ষ, আইন দ্বারা বারিত না হইলে, উক্তরূপ নির্দেশিত পন্থায় মামলাটি নিষ্পত্তি করিবেন।<br>(৯) আপিল কমিশনারেট, বা ক্ষেত্রমত, আপিলাত ট্রাইব্যুনাল কর্তৃপক্ষ হইতে উপ-বিধি (৩) এ উল্লিখিত আবেদনপত্র ও উক্ত বিষয়ে প্রদত্ত নির্দেশনা বা উপ-বিধি (৮) এ উল্লিখিত সুপ্রিম কোর্টের আপিল বিভাগ বা হাইকোর্ট বিভাগ হইতে প্রাপ্ত নির্দেশনা প্রাপ্তির পর | উচ্চ আদালতে মামলা জট হ্রাসের লক্ষ্যে বর্তমানে বাংলাদেশে প্রায় সকল আইনে বিকল্প বিরোধ নিষ্পত্তির বিধান অন্তর্ভুক্ত করা হয়েছে। কিন্তু মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও তদধীনে প্রণীত মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৯৯ এ আপীল কমিশনারেট ও আপীলাত ট্রাইব্যুনালে মামলার ক্ষেত্রে বিকল্প বিরোধ নিষ্পত্তির বিধান রাখা হলেও উচ্চ আদালতের পেন্ডিং মামলাসমূহ বিকল্প বিরোধ নিষ্পত্তির আওতায় না রাখার বিষয়টি বিকল্প বিরোধ নিষ্পত্তির প্রক্রিয়া বিঘ্নিত হওয়ার সম্ভাবনা থেকে যায়। তাই, উচ্চ আদালতে মূসক সংক্রান্ত মামলার সংখ্যা হ্রাস করার নিমিত্ত এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | সংশ্লিষ্ট কমিশনারেট কর্তৃপক্ষ উক্ত আবেদনপত্রের উপর নির্দেশনা অনুযায়ী ইহার উপর তাহার দপ্তরের মন্তব্যসহ প্রতিনিধি মনোনয়নপূর্বক প্রয়োজনীয় দলিলাদিসহ সংশ্লিষ্ট নথির অনুলিপি উক্ত প্রতিনিধির মাধ্যমে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে আপিল কমিশনারেটে, বা ক্ষেত্রমত, আপিলাত ট্রাইব্যুনালের মাধ্যমে, বা ক্ষেত্রমত, সুপ্রিম কোর্টের আপীল বিভাগ বা হাইকোর্ট বিভাগের নির্দেশনা অনুযায়ী উপ-বিধি (৪) মোতাবেক মনোনীত সহায়তাকারীর নিকট প্রেরণ করিবেন।<br><br>(১০) উপ-বিধি (৯) এর অধীন আবেদনপত্রসহ সংশ্লিষ্ট নথির অনুলিপি প্রাপ্তির পর মনোনীত সহায়তাকারীগণ ৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনে উল্লিখিত বিরোধীয় বিষয়টি নিষ্পত্তির জন্য ব্যবস্থা গ্রহণ করিবেন।<br><br>(১১) আবেদনপত্রসহ নথির অনুলিপি প্রাপ্তির ৯০ (নব্বই) কার্যদিবসের মধ্যে বিকল্প বিরোধ নিষ্পত্তি করিতে হইবে।” | |
| ১২. | বিধি ১০১ এর উপ-বিধি (১) সংশোধন | বিধি ১০১ এর উপ-বিধি (১) এর দফা (গ) এ উল্লিখিত “চার্টার্ড একাউন্ট্যান্ট” শব্দগুলির পর “বা কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্ট” শব্দগুলি সন্নিবেশ করা হয়েছে; | চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টগণের ন্যায় কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টগণকেও বিকল্প বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে সহায়তাকারী হিসেবে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে এ প্রস্তাব করা হয়েছে। |
| ১৩. | বিধি ১০৮ সংশোধন | বিধি ১০৮ এর শেষাংশে উল্লিখিত “।” চিহ্ন বিলুপ্ত করা হয়েছে অতঃপর “এবং কোনো তদন্তকারী সংস্থা এতদবিষয়ে কোনো তদন্ত কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না।” শব্দগুলি ও চিহ্ন সংযোজন করা হয়েছে। | বিকল্প বিরোধ নিষ্পত্তিকে অধিকতর কার্যকর করার লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |

**(খ) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর অধীন সংশোধিত বা প্রতিস্থাপিত বা বাতিলকৃত ফরমসমূহ নিম্নরূপঃ**

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>মূসক ফরম</th><th>প্রস্তাবিত সংশোধন</th><th>ফরমের বিষয়</th></tr>
<tr><td>১.</td><td>নূতন ফরম “মূসক-৪.৬” সন্নিবেশ</td><td>ফরম “মূসক-৪.৫” এর পর নূতন ফরম “মূসক-৪.৬” সন্নিবেশ করা হয়েছে।</td><td>বিধি-২৪গ অনুযায়ী বর্জ্য (ওয়েস্ট) বা উপজাত (বাই-প্রোডাক্ট) পণ্যের সরবরাহ ও নিষ্পত্তিকরণের জন্য ভিন্ন ফরম প্রবর্তনের লক্ষ্যে নূতন ফরম “মূসক-৪.৬” সন্নিবেশ করা হয়েছে।</td></tr>
<tr><td>২.</td><td>ফরম “মূসক-৬.৬” সংশোধন</td><td>ফরম “মূসক-৬.৬” এ উল্লিখিত “বুক ট্রান্সফার/ট্রেজারি চালান/দাখিলপত্রে বৃদ্ধিকারী সমন্বয়ের” শব্দগুলি ও চিহ্নগুলির পরিবর্তে “বুক ট্রান্সফার/ট্রেজারি চালানের” শব্দগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপন করা হয়েছে এবং উক্ত ফরমের টেবিলে উল্লিখিত “সরবরাহ মূল্য” শব্দগুলির পরিবর্তে “পণ” শব্দটি প্রতিস্থাপন করা হয়েছে।</td><td>করণিক ত্রুটি সংশোধন করা হয়েছে।</td></tr>
<tr><td>৩.</td><td>ফরম “মূসক-৬.৭” সংশোধন</td><td>ফরম “মূসক-৬.৭” এর শেষাংশে উল্লিখিত “পণ্য/সেবার মূসক ও সম্পূরক শুল্কসহ মূল্য।” শব্দগুলি ও চিহ্নগুলির পরিবর্তে “সকল প্রকার কর ব্যতীত মূল্য।” শব্দগুলি ও চিহ্ন প্রতিস্থাপন করা হয়েছে।</td><td>করণিক ত্রুটি সংশোধন করা হয়েছে।</td></tr>
<tr><td>৪.</td><td>ফরম “মূসক-৬.৮” সংশোধন</td><td>ফরম “মূসক-৬.৮” এর শেষাংশে উল্লিখিত “পণ্য/সেবার মূসক ও সম্পূরক শুল্কসহ মূল্য।” শব্দগুলি ও চিহ্নগুলির পরিবর্তে “সকল প্রকার কর ব্যতীত মূল্য।” শব্দগুলি ও চিহ্ন প্রতিস্থাপন করা হয়েছে।</td><td>করণিক ত্রুটি সংশোধন করা হয়েছে।</td></tr>
<tr><td>৫.</td><td>ফরম “মূসক-৯.১” সংশোধন</td><td>(ক) Part-2 এর Serial No. 2 এর পর নিম্নরূপ Serial No. 2a. এবং এন্ট্রিসমূহ সন্নিবেশ করা হয়েছে, যথা:-
<table>
<tr><td>2a.</td><td>Economic Activity is Trader or approved wholesaler and want to pay VAT at the rate of 5% or 1.5%. [If “No” is selected, please fill up the full Mushak-9.1 form]</td><td></td><td>☐ Yes</td><td>☐ No</td><td></td></tr>
</table>
</td><td>ব্যবসায়ীদের অনলাইনে দাখিলপত্র পেশ সহজীকরণের লক্ষ্যে ফরম “মূসক-৯.১” এ প্রয়োজনীয় সংশোধনী আনায়ন করা হয়েছে।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>মূসক ফরম</th><th>প্রস্তাবিত সংশোধন</th><th>ফরমের বিষয়</th></tr>
<tr><td rowspan="3"></td><td rowspan="3"></td><td>(খ) Part-7 এর-<br><br>Item “Supplementary Duty Against Issuance of Debit Note” এর পরিবর্তে “Increasing Adjustment of Supplementary Duty” প্রতিস্থাপন করা হয়েছে; এবং<br><br>Item “Supplementary Duty Against Issuance of Credit Note” এর পরিবর্তে “Decreasing Adjustment of Supplementary Duty” প্রতিস্থাপন করা হয়েছে;</td><td>সম্পূরক শুল্কের হ্রাসকারী/ বৃদ্ধিকারী সমন্বয়ের বিষয়াটি আইনের বিধানের সাথে সামঞ্জস্য রেখে এ সংশোধনী আনয়ন করা হয়েছে।</td></tr>
<tr><td>(গ) মূসক দাখিলপত্র পূরণের নির্দেশিকা এর ফরম মূসক-৯.১ (মূসক দাখিলপত্র) পূরণের পদ্ধতির অংশ-২: দাখিলপত্র জমার তথ্য এর ক্রমিক নং/নোট ২ এবং উহাদের বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ ক্রমিক নং/নোট ২ক এবং এন্ট্রিসমূহ সন্নিবেশ করা হয়েছে, যথা:-<br><br><table><tr><td>২ক</td><td>ব্যবসায়ী হিসেবে দাখিলপত্র পূরণ</td><td>• ব্যবসায়ী বা অনুমোদিত পাইকারী ব্যবসায়ী হিসেবে ৫% বা ১.৫% হারে (প্রযোজ্য ক্ষেত্রে) মূসক পরিশোধপূর্বক অনলাইনে সংক্ষিপ্ত রিটার্ণ পেশ করিতে ইচ্ছুক হইলে, “হ্যা” নির্বাচন করিবেন এবং তদানুযায়ী অনলাইনে সংক্ষিপ্ত রিটার্ণ ফরম পূরণ করিবেন। অপরদিকে “না” নির্বাচন করিলে, পূর্ণাঙ্গ ফরমের প্রযোজ্য অংশসমূহ পূরণ করিতে হইবে।</td></tr></table></td><td>ব্যবসায়ীদের জন্য অনলাইনে রিটার্ণ দাখিল সহজ করার উদ্দেশ্যে বিদ্যমান “মূসক-৯.১” রিটার্ণ ফর্মের প্রযোজ্য অংশ পূরণের বিষয়ে ফরম “মূসক-৯.১” এ আনীত সংশোধনীর সাথে সামঞ্জস্য রেখে নির্দেশিকায় প্রয়োজনীয় সংশোধনী আনায়ন করা হয়েছে।</td></tr>
<tr><td>(ঘ) মূসক দাখিলপত্র পূরণের নির্দেশিকা এর ফরম মূসক-৯.১ (মূসক দাখিলপত্র) পূরণের পদ্ধতির অংশ-৭: নীট কর হিসাব এর ক্রমিক নং/নোট ৩৮ ও ৩৯ এবং উহাদের বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং/নোট ৩৮ ও ৩৯ এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-</td><td>ফরম “মূসক-৯.১” এর সংশোধনীর বিপরীতে নির্দেশিকায় প্রয়োজনীয় সংশোধনী আনায়ন করা হয়েছে।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>মূসক ফরম</th><th>প্রস্তাবিত সংশোধন</th><th>ফরমের বিষয়</th></tr>
<tr><td></td><td></td><td><table>
<tr><td>৩৮</td><td>সম্পূরক শুল্ক হ্রাসকারী সমন্বয়</td><td>● ডেবিট নোট ইস্যুর ক্ষেত্রসহ, কোনো সরবরাহের ক্রয় মূল্য বা পরিমাণ পরিবর্তিত হইলে/ আইনের বিধান সাপেক্ষে প্রদেয় সম্পূরক শুল্ক এর পরিমাণ বৃদ্ধি পাইলে যে পরিমাণ পরিবর্তিত হইয়াছে তাহার হিসাব (সম্পূরক শুল্ক এর পরিমাণ) এইখানে উল্লেখ করিতে হইবে।</td></tr>
<tr><td>৩৯</td><td>সম্পূরক শুল্ক বৃদ্ধিকারী সমন্বয়</td><td>● ক্রেডিট নোট ইস্যুর ক্ষেত্রসহ, বিক্রয়ের পর সরবরাহের কিছু অংশ ফেরত আসিলে/ সরবরাহের মূল্য পরিবর্তিত হইলে/ আইনের বিধান সাপেক্ষে প্রদেয় সম্পূরক শুল্কের পরিমাণ হ্রাস পাইলে ঘটনার সহিত সংশ্লিষ্ট সরবরাহের যে পরিমাণ সংশ্লেষ রহিয়াছে তাহার হিসাব (সম্পূরক শুল্কের পরিমাণ) এইখানে উল্লেখ করিতে হইবে।</td></tr>
</table></td><td></td></tr>
<tr><td>৬.</td><td>ফরম “মূসক-১১.১” সংশোধন</td><td>ফরম “মূসক-১১.১” এর শেষাংশে উল্লিখিত “কমিশনার” শব্দের পরিবর্তে “ক্ষমতাপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা” শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে।</td><td>আইন ও বিধির সাথে সামঞ্জস্য আনয়নের লক্ষ্যে এ সংশোধনী আনা হয়েছে।</td></tr>
<tr><td>৭.</td><td>ফরম “মূসক-১১.২” বিলুপ্তকরণ</td><td>ফরম “মূসক-১১.২” বিলুপ্ত করা হয়েছে।</td><td>বিধি ৫৭ক এর উপ-বিধি (২) এ সংশোধনী আনয়ন করায় ফরমটি বিলুপ্ত করা হয়েছে।</td></tr>
<tr><td>৮.</td><td>ফরম “মূসক-১২.১৩” সংশোধন</td><td>ফরম “মূসক-১২.১৩” এর ক্রমিক নং (ঠ) ও এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং (ঠ) ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br><br>“(ঠ) আদেশে কোনো জরিমানা আরোপ করা হইয়া থাকিলে উক্ত জরিমানা জমা প্রদানের জন্য প্রযোজ্য অর্থনৈতিক কোড, সময় ও জমা প্রদানের পদ্ধতি:”</td><td>বিধি ৬৫ এর উপ-বিধি (৬) এর দফা (ঠ) এর সাথে সামঞ্জস্য আনয়নের লক্ষ্যে এ সংশোধনী আনা হয়েছে।</td></tr>
</table>

**০৫। The Excises and Salt Act, 1944, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর আওতায় যে সকল প্রজ্ঞাপন, সাধারণ আদেশ ও বিশেষ আদেশ জারি করা হয়েছে, তার তালিকাঃ**

**(ক) প্রজ্ঞাপনসমূহের তালিকাঃ**

(১) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৬১-আইন/২০২২/১৭৪-মূসক, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে মূল্য সংযোজন ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এ কতিপয় প্রয়োজনীয় সংশোধন করা হয়েছে;

(২) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৬২-আইন/২০২২/১৭৫-মূসক, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে এস.আর.ও. নং-১৪৩-আইন/২০২০/১০৪-আবগারি, তারিখ: ১১ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ রহিত করে শুধুমাত্র ৫ (পাঁচ) কোটি টাকার উর্ধ্বে ব্যাংক স্থিতির উপর (বছরের যে কোন সময়) আবগারি শুল্ক ৪০,০০০/- টাকার পরিবর্তে ৫০,০০০/- টাকা নির্ধারণপূর্বক ব্যাংক হিসাবের আবগারি শুল্ক পুনঃনির্ধারণ করা হয়েছে এবং অন্যান্য ক্ষেত্রে আবগারি শুল্কের হার অপরিবর্তীত রয়েছে;

(৩) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৬৩-আইন/২০২২/১৭৬-মূসক, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে আমদানি, আমদানি ও উৎপাদন, উৎপাদন, সেবা ও ব্যবসায়ী পর্যায়ে প্রতি বছরের ন্যায় বিভিন্ন ক্ষেত্রে অব্যাহতি প্রদানপূর্বক পূর্বের অব্যাহতি প্রজ্ঞাপন রহিত করে নূতন প্রজ্ঞাপন জারি করা হয়েছে;

(৪) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৬৪-আইন/২০২২/১৭৭-মূসক, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদনের ক্ষেত্রে স্থানীয় উৎপাদন পর্যায়ে ৫ শতাংশ মূসক আরোপপূর্বক উপকরণ ও যন্ত্রাংশ আমদানি ও স্থানীয়ভাবে ক্রয়ের ক্ষেত্রে বিদ্যমান মূসক (আগাম করসহ) ও সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) অব্যাহতি সুবিধা ৩০ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ পর্যন্ত বর্ধিতকরণ এবং কম্প্রেসর উৎপাদনের ক্ষেত্রে স্থানীয় পর্যায়ে বিদ্যমান অব্যাহতি সুবিধা ৩০ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে;

(৫) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৬৫-আইন/২০২২/১৭৮-মূসক, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে ভারী শিল্প হিসেবে মোটর কার ও মোটর ভেহিক্যাল উৎপাদন এর ক্ষেত্রে উৎপাদনের পর্যায় ভেদে রেয়াতী সুবিধা সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৭৬-আইন/২০১৯/৩৩-মূসক, তারিখ: ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ বিলুপ্ত করে নতুন প্রজ্ঞাপন জারীপূর্বক উক্ত প্রজ্ঞাপনের মেয়াদ ৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। একই সাথে বিদ্যমান সুবিধা ২৫০০ সিসি পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এক্ষেত্রে উক্ত প্রজ্ঞাপনের টেবিল-১ এর আওতায় উৎপাদনকারী প্রতিষ্ঠানের জন্য ২০৩০ সাল পর্যন্ত মূসক অব্যাহতি সুবিধা এবং টেবিল-২ এর আওতার উৎপাদনকারী প্রতিষ্ঠানের জন্য ২০২৫ সাল পর্যন্ত সম্পূর্ণ মূসক অব্যাহতি সুবিধা প্রদান করা হয়েছে। সেক্ষেত্রে টেবিল-২ এর উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক ২০২৬ সাল হতে ৫ শতাংশ হারে মূসক প্রদানের শর্তও সংযোজন করা হয়েছে। তবে, টেবিল-১ এবং টেবিল-২ উভয়ের ক্ষেত্রে উপকরণ ও যন্ত্রাংশ আমদানির

ক্ষেত্রে মূসক (আগাম করসহ) ও সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) অব্যাহতির সুবিধা ২০৩০ খ্রিষ্টাব্দ পর্যন্ত প্রদান করা হয়েছে;

(৬) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৬৬-আইন/২০২২/১৭৯-মূসক, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে জাতীয় এপিআই (Active Pharmaceutical Ingredients) উৎপাদন ও রপ্তানি নীতিমালার আলোকে বিদ্যমান রেয়াতী সুবিধার পাশাপাশি এপিআই উৎপাদনের ক্ষেত্রে উৎপাদন পর্যায়ে সমুদয় মূল্য সংযোজন কর এবং উৎপাদনে ব্যবহৃত কাঁচামাল আমদানি ও স্থানীয়ভাবে ক্রয়ের ক্ষেত্রে আগাম করসহ মূসক ও সম্পূরক শুল্ক ৩১ ডিসেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ পর্যন্ত অব্যাহতি প্রদানপূর্বক প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৭৮-আইন/২০১৯/৩৫-মূসক, তারিখ: ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ এ প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করা হয়েছে;

(৭) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৬৭-আইন/২০২২/১৮০-মূসক, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে পলিপ্রোপাইলিন স্ট্যাপল ফাইবার সংক্রান্ত বিদ্যমান প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৭৯-আইন/২০১৯/৩৬-মূসক, তারিখ: ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে প্রদত্ত রেয়াতি সুবিধার পাশাপাশি "আগাম কর" অব্যাহতি প্রদান করা হয়েছে;

(৮) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৬৮-আইন/২০২২/১৮১-মূসক, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (ন্যায্য বাজার মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০১৯ যুগোপযোগী করার লক্ষ্যে কতিপয় সংশোধনী আনয়ন করা হয়েছে;

(৯) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৬৯-আইন/২০২২/১৮২-মূসক, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে উৎপাদিত বা আমদানিকৃত তামাকযুক্ত সিগারেটের মূল্য নির্ধারণসহ উহার প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০১৯ প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করা হয়েছে;

(১০) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৭০-আইন/২০২২/১৮৩-মূসক, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে সিগারেট এর খুচরা মূল্য ও সম্পূরক শুল্ক নির্ধারণ করা হয়েছে;

(১১) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৭১-আইন/২০২২/১৮৪-মূসক, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে সিগারেটের সম্পূরক শুল্ক অব্যাহতি প্রদান সংক্রান্ত ইতোপূর্বে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫৫-আইন/২০২০/১১৬-মূসক, তারিখ: ১১ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ হালনাগাদ করা হয়েছে;

(১২) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৭২-আইন/২০২২/১৮৫-মূসক, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে কতিপয় সেবার ব্যাখ্যা যথাক্রমে সেবা কোড S০১০.১০ এর আওতায় **"ভূমি উন্নয়ন সংস্থা"**, সেবা কোড S০১২.২০ এর আওতায় **"সিম কার্ড সরবরাহকারী"**, সেবা কোড S০২৬.০০ এর আওতায় **"স্বর্ণকার ও রৌপ্যকার এবং স্বর্ণের দোকানদার এবং স্বর্ণ পাকাকারী"**, সেবা কোড S০২৭.০০ এর আওতায় **"বীমা কোম্পানি",** সেবা কোড S০৩৩.০০ এর আওতায় **"ইজারাদার",** সেবা কোড S০৯৯.১০ এর আওতায় **"তথ্য প্রযুক্তি নির্ভর সেবা"** এবং সেবা কোড S০৯৯.৬০ এর আওতায় **"অনলাইনে পণ্য বিক্রয়"** সংশোধন করা হয়েছে;

(১৩) ইটভাটার ঘোষণাপত্র ফরমে ইটভাটার উচ্চতা উল্লেখ করার বিধান সংযোজনের লক্ষ্যে প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৭৩-আইন/২০২২/১৮৬-মূসক, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে "মৌসুমী ইটভাটা মূল্য সংযোজন কর বিধিমালা, ২০১৯" এর সংশোধনী আনয়ন করা হয়েছে;

(১৪) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৭৪-আইন/২০২২/১৮৭-মূসক, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে "মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ ও কর পরিশোধ) বিধিমালা, ২০১৯" এ সংশোধনী আনয়ন করা হয়েছে;

(১৫) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৭৫-আইন/২০২২/১৮৮-মূসক, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে ব্যবসায়ী পর্যায়ে এম.এস. প্রোডাক্ট এর মূসকের পরিমাণ হ্রাসপূর্বক ৫০০ টাকার পরিবর্তে ২০০ টাকা নির্ধারণ করা হয়েছে;

(১৬) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৭৬-আইন/২০২২/১৮৯-মূসক, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে Iron or steel (LPG Cylinder) এর উপর স্থানীয় উৎপাদন পর্যায়ের অব্যাহতি সুবিধা ৩০ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ পর্যন্ত বর্ধিত করা হয়েছে;

(১৭) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৭৭-আইন/২০২২/১৯০-মূসক, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে মোবাইল ফোনের ব্যাটারি, চার্জার ও ইন্টারেকটিভ ডিসপ্লে এর উৎপাদন পর্যায়ে মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান করা হয়েছে;

(১৮) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৭৮-আইন/২০২২/১৯১-মূসক, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে কতিপয় পণ্য আমদানির ক্ষেত্রে আমদানি পর্যায়ে আগাম কর অব্যাহতি সুবিধা প্রদান করা হয়েছে;

(১৯) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৭৯-আইন/২০২২/১৯২-মূসক, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে "উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২১" এ কতিপয় সংশোধনী আনয়ন করা হয়েছে;

(২০) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৮০-আইন/২০২২/১৯৩-মূসক, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে থ্রি-হুইলার এর স্থানীয় উৎপাদনের ক্ষেত্রে উৎপাদন পর্যায়ে ৫ শতাংশের অতিরিক্ত মূসক এবং উপকরণ ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে সমুদয় মূসক (আগাম করসহ) ও সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) ৩০ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ পর্যন্ত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হয়েছে; এবং

(২১) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৮১-আইন/২০২২/১৯৪-মূসক, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর Idling Stop (IS)/Start-stop ব্যাটারীর উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে আরোপণীয় মূল্য সংযোজন কর (আগাম কর ব্যতীত) ও সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) ৩০ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ পর্যন্ত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হয়েছে।

**(খ) সাধারণ আদেশসমূহের তালিকাঃ**

(১) সাধারণ আদেশ নং-০২/মূসক/২০২২, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে সিগারেটের মূল্যস্তর ভেদে স্ট্যাম্প ও ব্যান্ডরোল ব্যবহার এবং মূসক ও সম্পূরক শুল্ক আদায়ের দিক-নির্দেশনা সংক্রান্ত আদেশ জারি করা হয়েছে;

(২) সাধারণ আদেশ নং-০৩/মূসক/২০২২, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে পাইকারী ব্যবসার ক্ষেত্রে মূসক হার ১.৫ শতাংশ প্রযোজ্যতা এবং পাইকারী ব্যবসায় পর্যায়ে মূসক আদায় ও পদ্ধতি নির্ধারণের লক্ষ্যে এ সংক্রান্ত নতুন একটি আদেশ জারি করা হয়েছে;

(৩) সাধারণ আদেশ নং-০৪/মূসক/২০২২, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ ও কর পরিশোধ সংক্রান্ত ইতোপূর্বে জারীকৃত সাধারণ আদেশ নং-২১/মূসক/২০১৯, তারিখ: ১৪ অক্টোবর, ২০১৯ খ্রিষ্টাব্দ এ রহিত করা হয়েছে;

(৪) সাধারণ আদেশ নং-০৫/মূসক/২০২২, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে সফটওয়্যার ব্যবহার সংক্রান্ত ইতোপূর্বে জারীকৃত সাধারণ আদেশ নং-১৬/মূসক/২০১৯, তারিখ: ৩০ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ এর প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করা হয়েছে;

(৫) সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০২২, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে টার্নওভার নির্বিশেষে নিবন্ধনের দিক-নির্দেশনা সংক্রান্ত ইতোপূর্বে জারীকৃত সাধারণ আদেশ নং-১৭/মূসক/২০১৯, তারিখ: ১৭ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ এর প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করা হয়েছে;

(৬) সাধারণ আদেশ নং-০৭/মূসক/২০২২, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে চুক্তিভিত্তিক পণ্য উৎপাদন ও সরবরাহের ক্ষেত্রে পালনীয় পদ্ধতি, রেয়াত গ্রহণ ও অন্যান্য প্রক্রিয়ার দিক-নির্দেশনা সংক্রান্ত ইতোপূর্বে জারীকৃত সাধারণ আদেশ নং-১৪/মূসক/২০২০, তারিখ: ২৪ নভেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ এর প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করা হয়েছে;

(৭) সাধারণ আদেশ নং-০৮/মূসক/২০২২, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে তৈরী পোষাক প্রস্তুতকারী বন্ডেড প্রতিষ্ঠানের মধ্যে সাব-কন্ট্রাক্টের ভিত্তিতে পণ্য সরবরাহের ক্ষেত্রে মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান করা হয়েছে;

**(গ) বিশেষ আদেশসমূহের তালিকাঃ**

(১) বিশেষ আদেশ নং-১৪/মূসক/২০২২, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে মোবাইল অপারেটর কর্তৃক BTRC কে প্রদত্ত 4G মোবাইল সেবার বিপরীতে রেভিনিউ শেয়ারিং এর উপর মূসক অব্যাহতি প্রদান করা হয়েছে; এবং

(২) বিশেষ আদেশ নং-১৫/মূসক/২০২২, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে NTTN সেবার বিপরীতে BTRC কে প্রদত্ত রেভিনিউ শেয়ারিং এর উপর মূসক অব্যাহতি প্রদান করা হয়েছে।

**০৬। উপরোক্ত প্রজ্ঞাপন ও আদেশসমূহে মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক ও আগাম কর অব্যাহতি/আরোপ সংক্রান্ত উল্লেখযোগ্য সংশোধনীসমূহ আনা হয়েছে, যথা:-**

**(ক) মূসক অব্যাহতি প্রদানঃ**

| পণ্যের এইচ.এস. কোড/সেবার কোড | পণ্য/সেবার নাম | যে পর্যায়ে অব্যাহতি |
|---|---|---|
| 1905.90.00 | "২৫০ (দুইশত পঞ্চাশ) টাকা পর্যন্ত (প্রতি কেজি) মূল্যমানের কেক (পার্টিকেক ব্যতীত)" | উৎপাদন পর্যায় |
| 2711.12.00<br>2711.13.00 | বাল্ক এলপিজি পুনঃ বিক্রয়ের লক্ষ্যে প্রথম পর্যায়ের বাল্ক বিক্রয়ে ক্ষেত্রে | উৎপাদন পর্যায় |
| 3907.69.10 | Textile Grade Pet Chips | উৎপাদন পর্যায় |
| 68.10 | Autoclaved aerated concrete Block | উৎপাদন পর্যায় |
| 17.01 | চিনি | ব্যবসায়ী পর্যায় |
| 1904.10.00 | মুড়ি | ব্যবসায়ী পর্যায় |
| 2821.10.00<br>2922.41.00<br>2923.10.00<br>2930.40.00 | Iron oxides and hydroxides<br>লাইসিন এবং ইহার এস্টারসমূহ; ইহার লবণসমূহ<br>কোলিন (Choline) এবং ইহার লবণসমূহ<br>মিথিওনাইন (Methionine) | ব্যবসায়ী পর্যায় |
| 84.32<br>ও 84.33 | পাওয়ার টিলার | উৎপাদন ও ব্যবসায়ী পর্যায় |
| 9018.32.10 | Tubular metal needles and needles for suture | ব্যবসায়ী পর্যায় |
| | কাস্টমস প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১২৮-আইন/২০২০/৭৯/কাস্টমস, তারিখ: ১৩ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে নির্দিষ্টকৃত পণ্যসমূহ সরবরাহের ক্ষেত্রে | উৎপাদন ও ব্যবসায়ী পর্যায় |
| S037.00 | ফাউন্ড্রি শিল্পে স্থানীয়ভাবে সংগৃহীত স্ক্র্যাপ/ভাঙ্গারী সরবরাহ | সেবা (যোগানদার) পর্যায় |
| 0801.31.90 | Other Cashew nuts in shell | আমদানি পর্যায় |
| 0801.32.90 | Other Cashew nuts Shelled | আমদানি পর্যায় |
| 8713.90.00 | Wheelchair | আমদানি পর্যায় |
| 9608.99.10 | Ball points for ball point pen | আমদানি পর্যায় |

**(খ) মূসক আরোপঃ**

| **পণ্যের এইচএস কোড/সেবার কোড** | **পণ্য/সেবার নাম** | **যে পর্যায়ে অব্যাহতি রহিত করা হয়েছে** |
|---|---|---|
| 3002.15.00, 3822.00.00, 3926.20.90, 6210.10.00, 6211.33.00, 6211.39.00, 6211.43.00, 6307.90.00 | COVID-19 Test Kit, PPE, Protective Garments, Plastic Face Shields, Medical Protective Gear, Protective Spectacles and Googles for medical use এবং মাস্ক | উৎপাদন ও ব্যবসায়ী পর্যায় |
| 68.10 | Concrete Ready Mix | উৎপাদন পর্যায় |
| 8517.12.11 8517.12.19 | মোবাইল টেলিফোন সেট | ব্যবসায়ী পর্যায় |
| S099.40 | মেডিটেশন সেবা | সেবা পর্যায় |

**(গ) আগাম কর অব্যাহতি প্রদান:**

(ক) কৃষি মন্ত্রনালয়ের সুপারিশকৃত নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক কৃষিকার্যে ব্যবহার্য কীটনাশক, ছত্রাকনাশক ও বালাইনাশক উৎপাদনে ব্যবহৃত উপকরণ Castor Oil Polyglycol 36-37 (H.S Code 1515.30.00), Solvesso 150 (APAC) (H.S Code 2707.50.90), Genapol 100 (H.S Code 2909.49.00), Propoconazole Technical 220 KG 22D (H.S Code 2934.99.90), Dodecylbzols Acid Branched CA-S Sol (H.S Code 3402.11.90);

(খ) নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক Textile Grade Pet Chips উৎপাদনের লক্ষ্যে উপকরণ হিসেবে আমদানিকৃত Terephthalic Acid (HS Code 2917.36.10) ও Ethylene Glycol (HS Code 2905.31.10);

(গ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৪৩-আইন/২০২২/৯১/কাস্টমস, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর আওতায় নিবন্ধিত হাঁস-মুরগির খামার কর্তৃক যন্ত্র ও যন্ত্রাংশ আমদানি;

(ঘ) নিবন্ধিত প্রতিষ্ঠান কর্তৃক উড়োজাহাজ আমদানি; এবং

(ঙ) H.S. Code 8713.90.00 এর আওতায় আমদানিকৃত Wheelchair।

**(ঙ) তামাক ও তামাকজাত পণ্যের মূল্য বৃদ্ধির মাধ্যমে তামাকের ব্যবহার হ্রাস করে জনস্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে তামাকজাত পণ্যের উপর নিম্নরূপ হারে মূল্য নির্ধারণপূর্বক সম্পূরক শুল্ক ধার্য করা হয়েছে।**

| বিদ্যমান মূল্য (১০ শলাকার জন্য) টাকা | বিদ্যমান সম্পূরক শুল্ক হার (%) | প্রস্তাবিত মূল্য (১০ শলাকার জন্য) টাকা | প্রস্তাবিত সম্পূরক শুল্ক হার (%) |
|---|---|---|---|
| ৩৯ টাকা ও তদূর্ধ্ব | ৫৭ | ৪০ টাকা ও তদূর্ধ্ব | ৫৭ |
| ৬৩ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ | ৬৫ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ |
| ৯৭ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ | ১১১ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ |
| ১২৮ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ | ১৪২ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ |

**(চ) বিড়ির ক্ষেত্রে সর্বোচ্চ খুচরা মূল্য ও সম্পূরক শুল্ক পূর্বের ন্যায় অপরিবর্তীত রাখা হয়েছে, যা নিম্নরূপ:**

| বিড়ির ধরণ | শলাকা (প্রতি প্যাকেট) | বিদ্যমান মূল্য (ভ্যাট ও সম্পূরক শুল্কসহ) টাকা | প্রস্তাবিত মূল্য (ভ্যাট ও সম্পূরক শুল্কসহ) টাকা | বিদ্যমান সম্পূরক শুল্ক হার (%) | প্রস্তাবিত সম্পূরক শুল্ক হার (%) |
|---|---|---|---|---|---|
| যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরি বিড়ি (ফিল্টার বিযুক্ত) | ৮ শলাকা | ৬.০০ টাকা | ৬.০০ টাকা | ৩০ | ৩০ |
| | ১২ শলাকা | ৯.০০ টাকা | ৯.০০ টাকা | ৩০ | ৩০ |
| | ২৫ শলাকা | ১৮.০০ টাকা | ১৮.০০ টাকা | ৩০ | ৩০ |
| যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরি বিড়ি (ফিল্টার সংযুক্ত) | ১০ শলাকা | ১০.০০ টাকা | ১০.০০ টাকা | ৪০ | ৪০ |
| | ২০ শলাকা | ১৯.০০ টাকা | ১৯.০০ টাকা | ৪০ | ৪০ |

**(ছ) জর্দা ও গুলের ক্ষেত্রে সর্বোচ্চ খুচরা মূল্য ও সম্পূরক শুল্ক পূর্বের ন্যায় অপরিবর্তীত রাখা হয়েছে, যা নিম্নরূপ:**

| পণ্যের নাম | একক | বিদ্যমান মূল্য | প্রস্তাবিত মূল্য | বিদ্যমান সম্পূরক শুল্ক হার | প্রস্তাবিত সম্পূরক শুল্ক হার |
|---|---|---|---|---|---|
| জর্দা | প্রতি দশ গ্রাম | ৪০ টাকা | ৪০ টাকা | ৫৫% | ৫৫% |
| গুল | প্রতি দশ গ্রাম | ২০ টাকা | ২০ টাকা | ৫৫% | ৫৫% |

০৭। মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এর বাজেট বক্তৃতা, অর্থ বিল, ২০২২ এবং বর্ণিত নতুন প্রজ্ঞাপন ও আদেশসমূহ এ নির্দেশনার সাথে প্রেরণ করা হলো। অর্থ বিল, ২০২২ এ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর সম্পর্কিত অংশ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর সংশোধনী এবং বাজেট সম্পর্কিত উপরি-উক্ত প্রজ্ঞাপন ও আদেশসমূহের আলোকে যথাযথ সরকারি রাজস্ব আহরণের স্বার্থে অবিলম্বে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। একইসাথে, এ সকল বিষয়ে কোন প্রকার ভুল-ভ্রান্তি, অসংগতি বা বিশ্লেষণের প্রয়োজন অনুভূত হলে তা জরুরি ভিত্তিতে আগামী ১৬ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের নজরে আনার জন্য অনুরোধ করা হলো।

০৮। এই নির্দেশিকা মাঠ পর্যায়ের ভ্যাট ও কাস্টমস কর্মকর্তাদের ভ্যাট বিষয়ে বাজেটে গৃহীত প্রস্তাবনাসমূহ সহজে অনুধাবন করার লক্ষ্যে একটি দলিল মাত্র। এ কারণে বিবেচ্য নির্দেশিকায় বর্ণিত বিষয়সমূহ সহ সংশ্লিষ্ট আইন, বিধিমালা, প্রজ্ঞাপন ও সাধারণ আদেশসমূহ মনোযোগ সহকারে পাঠপূর্বক তা সহকর্মীদের নিয়ে আলোচনার মাধ্যমে জানিয়ে দেয়ার জন্য অনুরোধ করা হলো।

০৯। এই নির্দেশনার কোন অসংগতির ক্ষেত্রে জারীকৃত অর্থ বিল, বিধিমালা, প্রজ্ঞাপন ও আদেশসমূহ অনুসরণীয় হবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**
**স্বাক্ষরিত/**০৯/০৬/২০২২খ্রি:
**[ কাজী ফরিদ উদ্দীন ]**
প্রথম সচিব (মূসক-নীতি)
ফোনঃ ৮৩৯২৩০২।
E-mail: kazifarid75@yahoo.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য (গ্রেড-১), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৩। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
৪-১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(দক্ষিণ)/ঢাকা(উত্তর)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/ চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/ বৃহৎ করদাতা ইউনিট-মূসক, ঢাকা।
১৬-১৭। মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর মূসক, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
১৮। মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, পাহাড়তলী, চট্টগ্রাম।
১৯-২২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল), চট্টগ্রাম/ ঢাকা-১/ঢাকা-২/খুলনা।
২৩-২৫। প্রকল্প পরিচালক, বন্ড অটোমেশন প্রকল্প/ন্যাশনাল সিংগেল উইন্ডো প্রকল্প, কাকরাইল, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১৬.০০১.২২/১৮৩, তারিখ: ২৬ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/ ০৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

**<u>অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থেঃ</u>**

১। মহাপরিচালক, কাস্টমস, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
২-৭। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/মংলা/বেনাপোল/আইসিডি-কমলাপুর/পানগাঁও।
৮-৯। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
১০। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

**স্বাক্ষরিত/**০৯/০৬/২০২২খ্রি:
**[কাজী রেজাউল হাসান]**
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)
E-mail: rezahasan.nbr@gmail.com